

ISSN: 1685-4012

স্ট্রীম



সাপোর্ট টু রিজিওনাল অ্যাকুয়াটিক রিসোর্সেস ম্যানেজমেন্ট

# স্ট্রীম পত্রিকা

কৃষক এবং মৎসকৃষকদের জীবিকা সম্বন্ধে জানা এবং জানানো

স্ট্রীম ইনিশিয়েটিভকে সাহায্য করছে অস এ আই ডি, ডি এফ আই ডি, এফ এ ও, নাকা এবং ভি এস ও

প্রকাশিত হয় স্ট্রীম ইনিশিয়েটিভ, নেটওয়ার্ক অফ অ্যাকুয়াকালচার সেন্টারস্ ইন এশিয়া প্যাশিফিক, সরস্বাদী  
ব্লিডিং, ডিপার্টমেন্ট অফ ফিশারিজ কম্পাউন্ড, ক্যাসাকাট ইউনিভার্সিটি, লায়েয়ো, জাতুজক, ব্যাঙ্কক, থাইল্যান্ড

কপিরাইট স্ট্রীম ইনিশিয়েটিভ ২০০৩

শিক্ষা এবং অন্যান্য অব্যাবসায়িক কাজে এই প্রকাশনকে পুনঃ মুদ্রন হতে পারবে কেবল অধিকারপ্রাপ্ত প্রকাশকের  
পূর্ণ স্বীকৃতির সাহায্যে।

পুনঃ মুদ্রন অথবা বিক্রির জন্য এটি প্রকাশনা করা যাবে না যদি অধিকার প্রাপ্ত প্রকাশকের স্বীকৃতি ব্যাতিত।

স্ট্রীম পত্রিকার প্রবন্ধের একটি উদাহরণ

স্যানটস্, আর ২০০২ বিবাদ সম্বন্ধে একে অপরের থেকে শেখা: স্ট্রীম পত্রিকা ১(১), ১-২

## সূচীপত্র

|   |    |
|---|----|
| জীবিকা এবং ভাষা- স্পার্ক-স্ট্রীমের শেখার এবং যোগাযোগের প্রক্রিয়া<br>ক্যাথ কপলে এবং উইলিয়াম স্যাভেজ  | ১  |
| জীবিকা নির্বাহণ সম্বন্ধীয় প্রসঙ্গের বিস্তারিত মানে বোঝার চেষ্টা<br>এলিজাবেথ এম গলজালেস, নুয়েন সং হা, রবু মুখাজী, নিলকান্ত পোখরেল এবং শ্যাম ভেক                | ৩  |
| নিজেদের মতামত একে অপরকে জানানোর দ্বারা একমত তৈরীর জন্য সাধনের ব্যবহার,<br>দর্ষিছায়ী-জীবিকা নির্বাহণের পরিকাঠামোর ব্যবহার দ্বারা শেখা।<br>নুচজারে ল্যাক্কুলশানে | ৫  |
| রাটানকে জীবিকা নির্বাহণের একটা উপায় হিসাবে দেখা<br>মারিয়াল ডি জেসাস এবং ক্রিস্টিন বানটাগ  | ৭  |
| “গোষ্ঠী পরিচালিত অঞ্চলের” অর্থ<br>আরিফ আলিআদি   | ৯  |
| শেখা এবং যোগাযোগের প্রক্রিয়ার উপর প্রাপ্ত কিছু শিক্ষা<br>গ্রাহাম হেলর এবং রনেট স্যানটস   | ১১ |
| স্ট্রীম পত্রিকা সম্বন্ধীয়  | ১৩ |
| স্ট্রীম সম্বন্ধীয়  | ১৪ |

## মন্তব্য

কৃষক এবং মৎসকৃষকদের জীবিকা সম্বন্ধে জানা এবং জানানো, এই পঞ্জিকটি আপনারা স্ট্রীম পত্রিকার প্রথম পৃষ্ঠাতেই পড়েছেন। স্ট্রীম পত্রিকার এই প্রতিবেদনে সেইসব প্রবন্ধ আছে যাতে ২২ জন সহকর্মীর ইচ্ছাকে স্পার্ক-স্ট্রীমের শেখার এবং যোগাযোগের প্রক্রিয়ার সাহায্যে কার্যকরী করার প্রচেষ্টা সম্বন্ধে লেখা হয়েছে। স্ট্রীম, স্পার্ক এবং ডি এস ও<sup>১</sup> র সাথে মিলে এই ক্ষেত্রে কাজ করেছে, জীবিকা এবং ভাষার উপর দুটি কার্যশালার আয়োজিত করেছে এবং তার দ্বারা আমরা অংশীদারদের এবং অংশগ্রহণকারীদের বিভিন্ন রকম “মতামত” সম্বন্ধে জানতে পেরেছি।

এইসব ঘটনাগুলিকে গল্পের দুটি ভাগ ভাগ করা হয়েছে। প্রথম প্রবন্ধটিতে স্পার্ক-স্ট্রীমের প্রক্রিয়ার বিষয়বস্তু সম্বন্ধে লেখা হয়েছে, এবং ষষ্ঠ প্রবন্ধটিতে এই প্রক্রিয়ার মূল বিষয়, প্রাপ্ত শিক্ষা ও তার উপকারিতা সম্বন্ধে লেখা হয়েছে। দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম প্রবন্ধের লেখকরা হচ্ছেন স্ট্রীম এবং স্পার্কের থাইল্যান্ড, ফিলিপিন্স এবং ইন্দোনেশিয়ার এক অথবা একাধিক সদস্যগণ। তারা যখন এই প্রক্রিয়ার বিভিন্ন তত্ত্ব ও সাধনকে ব্যবহার করার চেষ্টা করেছিল তখন তাদের প্রাপ্ত অভিজ্ঞতার বিষয়ে এইসকল প্রবন্ধে জানিয়েছেন। এই প্রতিবেদনের শেষ পৃষ্ঠায় আপনারা “জীবিকা নির্বাহণের বিষয়ে শেখা এবং যোগাযোগ প্রক্রিয়ার” উপর রেখাচিত্রের বর্তমান সংকলন দেখতে পাবেন।

জীবিকার উপায় এবং বিশ্লেষণের উপর আপনারা আগের স্ট্রীম পত্রিকার প্রবন্ধগুলি পড়তে পারেন, বিশেষত: স্ট্রীম পত্রিকা ১(৪), যাতে নভেম্বর-২০০২তে ডিয়েতনামের লঙ্গ এন এ আয়োজিত “জীবিকা বিশ্লেষণ শেখার জন্য কার্যশালা” সম্বন্ধে লেখা হয়েছে।

আমরা এফ এ ও<sup>২</sup> র কাছে কৃতজ্ঞ, যে জীবিকা নির্বাহণের কাজে ভাষার গুরুত্ব তারা উপলব্ধি করতে পেরেছে, স্পার্ক-স্ট্রীম প্রক্রিয়াকে সাহায্যের জন্য, এবং বিশেষ করে সাইমন ফুং স্মিথ, এফ এ ও, রিজিওনাল অ্যাকুয়াকালচার অফিসারের কাছে কৃতজ্ঞ তার উৎসাহ এবং উপদেশের জন্য।

শুভেচ্ছা সহ

গ্রাহাম হেলর, নির্দেশক, স্ট্রীম

উইলিয়াম স্যাভেজ, স্ট্রীম পত্রিকার সম্পাদক

১. ভলেন্টারি সার্ভিস ওভারসিজ, স্থানীয় জ্ঞান এবং জাগরকতা বৃদ্ধি বন্টন

২. ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন অফ দ্য ইউনাইটেড নেশনস

## জীবিকা এবং ভাষা— স্পার্ক-স্ট্রীমের শেখার এবং যোগাযোগের প্রক্রিয়া

ক্যাথ কপলে এবং উইলিয়াম স্যাভেজ

### একটি প্রক্রিয়া, দুটি কার্যশালা এবং অনেককিছু শেখা

এপ্রিল ২০০৩ এ স্পার্ক<sup>৩</sup> এবং স্ট্রীমের<sup>৪</sup> সদস্যগণ একটি সম্মেলনে জড়ো হয়েছিল এবং উদ্দেশ্য ছিল ভাষা এবং জীবিকা নির্বাহনের সম্পর্কের বিশ্লেষণ করা এবং এটা পরীক্ষা করে দেখা যে ভাবে আমরা কথা বলি এবং যে ভাবে অন্যদের সাথে যোগাযোগ করি, তার ভাষার পার্থক্য যাদের সাথে আমরা কাজ করি তাদের জীবনে কি ভাবে প্রভাব ফেলে।

জীবিকা এবং ভাষার উপর স্পার্ক-স্ট্রীমের শেখার এবং যোগাযোগের প্রক্রিয়াতে দুই মাস সময়ের ব্যবধান<sup>৫</sup>, দুটি দিনের কার্যশালা<sup>৬</sup> অনুষ্ঠিত হয়েছিল। এই প্রক্রিয়ার উদ্দেশ্য হচ্ছে- অংশগ্রাহী জীবিকা নির্বাহনের ধারণা ও উপায় সম্বন্ধে জানা ও তাদের মানে বোঝা, এবং ভাষা, অংশগ্রহণ এবং ক্ষমতা সম্বন্ধে সচেতনতার সৃষ্টিকরা। এই প্রক্রিয়ার ফলস্বরূপ আমরা প্রথমে ভেবেছিলাম আমরা বিভিন্ন দেশের ১৪টি ভাষায়<sup>৭</sup> “জীবিকা এবং ভাষার উপর জ্ঞাতব্যবিষয়পূর্ণ পুস্তক” তৈরী করবো।

আমরা আমাদের কার্যক্ষেত্রে ভুলযোগাযোগের ফলে উপলব্ধির দ্বারা এই প্রক্রিয়া এবং দুটি কার্যশালা করার কথা চিন্তা করা হয়েছিল, এবং এর দ্বারা এটা দেখা গেল যে প্রত্যেক ব্যক্তির এবং প্রত্যেক গোষ্ঠীর ভাষার আদান-প্রদানের বিভিন্নতা লক্ষ্যনীয় (হেলর এবং স্যানটোস পৃষ্ঠা ১১)। “অংশগ্রাহী জীবিকা বিশ্লেষণ” করার সময় ভুলযোগাযোগের বিভিন্ন উদাহরণ দেখা যায়, যদিও এই প্রক্রিয়ায় বেশীরভাগ সময়ই কথা বলা ও শোনার জন্য ব্যয় করা হয়। কার্যশালার এক অংশগ্রহণকারীর বক্তব্য অনুযায়ী—

একটি মিটিং এ সবাই জীবিকা বিশ্লেষণের উপর কথা বলছিল, কিন্তু একটি সমস্যা ছিল। মিটিং এ অংশগ্রহণকারীরা সবাই নিজেদের বক্তব্যে অংশগ্রাহী জীবিকা বিশ্লেষণ সম্বন্ধিত বিভিন্ন শব্দের (ইংরাজীতে) ব্যবহার করছিল, কিন্তু শব্দের অর্থগুলি বিভিন্নজনের কাছে বিভিন্ন প্রকার ছিল। বক্তব্য হচ্ছে, লোকেরা একই ভাষায় কথা বললেও কিন্তু অন্যরা যা বলছে বা যা বলতে চাইছে সেটা সঠিকভাবে অনেকসময় বুঝতে পারে না। আমরা সবাই “একজায়গায় দাঁড়িয়ে নই”। ভাষার ব্যবহার এবং লোকের ওই ভাষাকে ভিন্ন-ভিন্ন ভাবে বোঝাটা সত্যিই এক বিশাল সমস্যা।

এটা ধরে নেওয়া যায় না যে, সব লোকেরা একই শব্দের অর্থ একই রকম ভাবে বুঝেছে এবং যোগাযোগের ক্ষেত্রে একই ভাবে ওই শব্দগুলিকে ব্যবহার করেছে। সুতরাং আমাদের আরো সচেতন হতে হবে একই শব্দের বিভিন্ন অর্থের ব্যবহার সম্বন্ধে, ভাষার ব্যবহারে সেই সব শব্দের প্রয়োগ ক্ষেত্রে, এবং লোকে কতটা সুযোগ পাচ্ছে সম্পর্ক তৈরী করার ক্ষেত্রে, এবং ঘনিষ্ঠতার প্রভাব সম্বন্ধে।

### এই “জ্ঞাতব্যবিষয়পূর্ণ পুস্তক” টি কী ছিল?

যখন আমরা “জীবিকা এবং ভাষার জন্য জ্ঞাতব্যবিষয়পূর্ণ পুস্তকের” সম্বন্ধে চিন্তাভাবনা শুরু করলাম, তখনও এইটি কিরকম হবে তা সম্বন্ধে নিশ্চিত ধারণা ছিল না। কিছু অংশগ্রহণকারীরা সেই সব শব্দগুলির ব্যবহার করেছিল যেই শব্দগুলি গুরুত্বপূর্ণ কিন্তু ততোধিক শক্ত ছিল বোঝার পক্ষে, অথবা সেই সব শব্দ যার বহু অর্থ আছে। যদিও অংশগ্রহণকারীরা বুঝতে পারলো যে শব্দকোষের ব্যবহার উপযোগি, কিন্তু যথেষ্ট নয়। সেইজন্য আমরা গুরুত্বপূর্ণ শব্দ ও বিষয় নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করলাম ও মতের আদান-প্রদান হল।

অন্য কথায়, আমরা প্রত্যেক শব্দের পরিভাষা তৈরী করতে পারতাম কিন্তু সেইসব শব্দ নিয়ে আলোচনা করা এবং শব্দের বিভিন্ন অর্থের পার্থক্য এবং সমতা বোঝা বেশী লাভজনক এবং ফলদায়ক। কর্মসঙ্গীদের সাথে যে কোন আলোচনায় আমাদের বোঝা দরকার কি যেইসব লোকের সাথে আমরা কাজ করছি তারা আমাদের বক্তব্যকে ঠিকমত বুঝতে পারছে কি না এবং আমরাও তাদের বক্তব্য এবং ধারণাকে পুরোপুরি বুঝতে পারছি কি না— আমাদের এটা দেখা উচিত আমরা “এক জায়গায় দাঁড়িয়ে আছি” কি না। কার্যশালার এক অংশগ্রহণকারীর বক্তব্য অনুযায়ী “এটা কোন তৈরী ফর্দ নয়, এটা একটি প্রক্রিয়া”।

৩. শেয়ারিং এন্ড প্রোমোটিং অফ এওয়ারনেস এন্ড রিজিওনাল নলেজ

৪. সাপোর্ট টু রিজিওনাল অ্যাকুয়াটিক রিসোর্সেস ম্যানেজমেন্ট

৫. জীবিকা এবং ভাষার উপর দ্বিতীয় স্পার্ক-স্ট্রীমের কার্যশালায় প্রযুক্তিগত ভাবে সাহায্য করেছিল এফ এ ও, ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন অফ ইউনাইটেড নেশন।

৬. জীবিকা এবং ভাষার উপর স্পার্ক-স্ট্রীমের প্রথম এবং দ্বিতীয় কার্যশালার রিপোর্ট আপনারা দেখতে পারেন <http://www.streaminitiative.org/library/livelihoods/livelihoods.html>

৭. ১৪টি ভাষা হলো - ভাষা ইন্দোনেশিয়া, বাংলা, সেবুআনো (ফিলিপিন্স), ছোটনাগপুরী (পূর্ব ভারতের আদিবাসী ভাষা), ইংরাজী, হিন্দী, লোলোন্দো (ফিলিপিন্স), খামের, নেপালী, উড়িয়া (ভারতের উড়িয়া রাজ্যের ভাষা), ট্যাগালগ (ফিলিপিন্স), থাই, ভিয়েতনামিস এবং ওয়ারে (ফিলিপিন্স)

## প্রশ্ন এবং উত্তর (বোঝার জন্য)

স্পার্ক এবং স্টীমের জীবিকা এবং ভাষার উপর প্রথম কার্যশালা অনুষ্ঠিত হয়েছিল ২০০৩ এর এপ্রিল মাসে। অংশগ্রাহী জীবিকা বিশ্লেষণের উপর আমরা যা কাজ করি সেই সব সংক্রান্ত প্রশ্ন করা হয়েছিল।

যখন আমরা জীবিকা বিশ্লেষণ পরিচালনা করি, তখন কি শুধু খবর সংগ্রহ ও সংগঠন করি, আরো অন্য কিছুও করি, যেমন কিছু শেখা?

- আমরা অন্যদের কাছ থেকে কি শিখি এবং কিভাবে শিখি?
- লোকেদের জীবনের কথা শোনার সময়, আমরা কি ভাবে আমাদের কথা বলার বা শোনার ভঙ্গিতে পরিবর্তন করবো?
- কি ভাবে আমরা লোকেদের সাথে যোগাযোগ করব ?
- আমাদের ব্যবহৃত ভাষা কি ভাবে সফল কর্মসঙ্গীর জন্য সাহায্যকারী হবে ?
- কোন সিদ্ধান্তগুলি আমাদের কাজের পথনির্দেশিকা হবে ?
- আমাদের ভাষায় এবং কাজে কি ভাবে এই সিদ্ধান্তগুলি প্রতিফলিত হবে ?
- আমরা যে ভাষা ব্যবহার করছি তা কি ভাবে সম্পর্কের ঘনিষ্ঠতাকে প্রতিফলিত এবং প্রভাবিত করবে ?
- আমরা কি গোষ্ঠীর কথা উপলব্ধি করতে পারছি, যে কেন আমরা তাদের জীবন নিয়ে গবেষণা করছি?
- ভাষাকে কি ভাবে ব্যবহারের দ্বারা এইসব ক্ষেত্রে সবচেয়ে ভালো ফলাফল পাওয়া যাবে?

আমরা আমাদের আলোচনার দ্বারা বুঝতে পারলাম যে, অংশগ্রাহীভাবে জীবিকা বিশ্লেষণ শুধু গিয়ে খবরসংগ্রহ করাই নয়। এটার পরিধি আরো অনেক বড়। এই “কথাবার্তায়” লোকেরা তাদের নিজের জীবন সম্বন্ধে কী ভাবেতা অবশ্যই শোনা বা দেখা উচিত, এটি এমন একটি আলোচনা যার উপরে লোকেরা বিশ্বাস করবে যাতে গোষ্ঠীর সুযোগের মাধ্যমে তারা নিজের জীবিকার উন্নতি করতে পারবে।

একে অপরের সাথে কথাবার্তা বলা এবং শোনার পরে, আমরা আরো পরিষ্কারভাবে বুঝতে পারলাম কি করলে আমাদের কাজে সাহায্য পাওয়া যাবে। আমরা জীবিকা বিশ্লেষণের উপর আর অন্য কোন সারগ্রহ বা দস্তাবেজ চাই না যা বিভিন্ন শব্দ এবং ধারণাকে ব্যাখ্যা করবে। আমরা চাই আরো কর্মশীল, আরো যোগাযোগকারী, এবং আরো বেশী স্বাভাবিক পদ্ধতি। আমরা এমন একটি প্রক্রিয়া তৈরী করতে চাই যা বিশ্বস্ত সম্পর্ক তৈরী করবে, যার ফলস্বরূপ, গোষ্ঠীর মানুষেরা আমাদের তাদের সাথে কাজ করার সুযোগ দেবে এবং তাদের জীবনের উন্নতির পরিকল্পনাগুলিকে কার্যকারী করা যাবে।

আমরা চাই একটা “জীবিকা নির্বাহণের বিষয়ে শেখা এবং যোগাযোগ করার পথনির্দেশিকা” যা আমাদের ভাষাকে আরো ভালোভাবে প্রয়োগের সুযোগ দেবে।

## নিষ্কর্ষ এবং ফলাফল

২০০৩ সালের জুন মাসে জীবিকা এবং ভাষার উপর দ্বিতীয় স্পার্ক স্টীমের কার্যশালায় অন্যতম একটি ফলাফল হলো একটি তালিকা যা “যোগাযোগ তথ্য” নামে পরিচিত। এটা এমন একটা সাধন যা লোকেদের অংশগ্রাহী জীবিকা বিশ্লেষণের ভাষা, সম্পর্ক এবং ক্ষমতার তথ্যগুলি বুঝতে সাহায্য করবে। আমরা আমাদের কর্মসঙ্গীর সাথে কথা বলে ঠিক করলাম, এই তালিকাতে কোন কোন ভাষার ব্যবহার করা হবে, লোকেরা কিভাবে সম্পর্ক তৈরী করার সুযোগ পাবে, এবং ক্ষমতার প্রভাব কি হবে (শেষ প্রবন্ধে এই সম্বন্ধীয় ৪টি সাধন নিয়ে আলোচনা করা হয়েছে যা স্পার্ক স্টীমের প্রক্রিয়ার অংশগ্রহণকারীরা তৈরী করেছে)

আমরা দ্বিতীয় কার্যশালায় শেষে, ভাষা এবং জীবিকার সম্পর্ক এবং বিশ্লেষণের সম্বন্ধ আরো ভালোভাবে বুঝতে পারলাম অথবা এক অংশগ্রহণকারীর বক্তব্য অনুযায়ী—

এই কার্যশালায় অংশগ্রহণের ফলে আমি জীবিকা বিশ্লেষণে ভাষার গুরুত্ব সম্পর্কে বুঝতে পারলাম। এবং এও শিখলাম যে গরীব লোকেদের দলের সাথে কথা বলার সময় ভাষার গুরুত্ব কতটা।

এই প্রক্রিয়ার ফলাফল স্বরূপ, পরবর্তী প্রবন্ধগুলিতে স্পার্ক-স্টীমের সদস্যরা সেইসব নির্দেশগুলি অনুসরণ করেছে যা “জীবিকা নির্বাহণের বিষয়ে শেখা এবং যোগাযোগ করার পথ নির্দেশিকার” প্রথম খসড়ায় লেখা হয়েছে।

কাথ কপলে এবং উইলিয়াম স্যাভেজ স্টীমের যোগাযোগ বিশেষজ্ঞ হিসাবে কাজ করেন। কাথ থাকেন অস্ট্রেলিয়ার বার্মিংহামে এবং তার যোগাযোগের ঠিকানা <kcopley@smartchat.net.au> উইলিয়াম থাকেন ব্যাঙ্কে এবং তার যোগাযোগের ঠিকানা <savage@laxinfo.co.th>

## জীবিকা নির্বাহণ সম্বন্ধীয় প্রসঙ্গের বিস্তারিত মানে বোঝার চেষ্টা

এলিজাবেথ এম গলজালেস, নুয়েন সং হা, রবু মুখার্জী, নিলকান্ত পোখরেল এবং শ্যাম ভেক

দুটি কার্যশালার মধ্যবর্তী সময়ে (এবং আগে) স্ট্রীমের যোগাযোগ কেন্দ্রের পরিচালকরা কি কাজ করলো

জীবিকা এবং ভাষার উপর প্রথম কার্যশালার অভিজ্ঞতাকে সাথে নিয়ে আমরা সবাই যে যার নিজের দেশে ফিরে গেলাম, এবং লোকেদের, গোষ্ঠীর লোকজনের এবং বিভিন্ন সংস্থা তাদের সাথে জড়িত জীবিকা সম্পর্কিত ধারণা ও শব্দগুলি সম্বন্ধে চিন্তাধারার বিষয়ে নিজেদের খোঁজ জারি রাখলাম। প্রত্যেকটি গল্পেরই সারমর্ম হলো আরো ভালোভাবে জীবিকার উপায় ও বিশ্লেষণকে বোঝার জন্য আমরা দুটি কার্যশালার মধ্যবর্তী সময়ে কি করলাম তার বিষয়বস্তু, যেমন আমরা স্পার্কের সহকর্মীদের সাথে “জীবিকা নির্বাহণের বিষয়ে শেখা এবং যোগাযোগ করার পথনির্দেশিকা” তৈরী করার জন্য কাজ করেছিলাম।

### কম্বোডিয়া

দুটি কার্যশালার মধ্যবর্তী সময়ে, আমি আমার সহকর্মীদের সাথে জীবিকা এবং ভাষার উপর কার্যশালা নিয়ে আলোচনা করলাম, যাদের “অংশগ্রহী গ্রামীণ বিশ্লেষণ” দ্বারা জীবিকা বিশ্লেষণ করার অভিজ্ঞতা আছে। সবাই স্বীকার করলো, স্থানীয় মানুষ ও প্রাদেশিক অধিকর্তাদের সাথে কথা বলার সময় জীবিকা নির্বাহণের সম্বন্ধিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা করতে ভাষার সমস্যা দেখা যায়। প্রথমে আমরা ঠিক করলাম একটি শব্দকোষ বানাবো, যাতে বিভিন্ন শব্দের ব্যাখ্যা থাকবে যেমন জীবিকা, দীর্ঘস্থায়ী জীবিকা, জীবিকার পরিকাঠামো, দারিদ্রতা এবং উদ্যোগ। পরে আমরা ভাবলাম, যে যদি আমরা একটি সাক্ষাৎকারের নির্দেশিকা বের করি এবং তা কার্যক্ষেত্রে পরীক্ষামূলক ভাবে ব্যবহার করি তাহলে সেটা বেশী চিত্তাকর্ষক হবে। আমরা এটাও লক্ষ্য করলাম যে কোন শব্দের মানে বিশেষ করে নির্ভর করে আমরা যে ভাবে কথা বলি তার উপর, বক্তার বিশিষ্টতার (ব্যবহার) দ্বারা, এবং কোথায় কি বিষয়ের উপর কথা বলছি তার উপরে।

যখন আমরা গ্রামে কাজ করি, তখন আমরা নিজেদের ব্যবহৃত শব্দের মানে ব্যাখ্যা করে বোঝাই এবং স্থানীয় লোকেদের জিজ্ঞাসা করি তারা নিজেদের অঞ্চলে এই শব্দের অন্য কোন সমার্থক শব্দ ব্যবহার করে কি না। লোকেদের জীবনের সাথে জড়িত বিভিন্ন শব্দের ব্যবহার ও তার মানে বোঝা একটি চিত্তাকর্ষক উপাদান।

### ভারতবর্ষ

দুটি কার্যশালার মধ্যবর্তী সময়ে, আমি কৃষকদের সাথে জীবিকা নির্বাহণ সম্বন্ধিত শব্দগুলিকে নিয়ে আলোচনা করলাম। এই আলোচনা থেকে আমি বুঝলাম যে, গরীবলোকেদের কাছে “জীবিকা” মানে একটি স্থায়ী উপার্জনের ব্যবস্থা, এবং তার জন্য তারা বিভিন্ন ভাবে টাকা উপার্জন করে। ভাষাও তাদের জীবিকার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গরীব কৃষকদের উন্নতির জন্য সরকার বিভিন্ন পরিকল্পনা বানিয়েছে, কিন্তু ভাষাগত সমস্যার ফলে গরীব কৃষকরা এই সব যোজনার লাভ উঠাতে পারে না। নিম্নোক্ত একটি ব্যাঙ্ক ঋণের ঘটনা থেকে এই সমস্যার একটি উদাহরণ পাওয়া যায়—

একদিন এক গরীব কৃষক তার ক্ষেতের উন্নয়নের জন্য টাকার দরকার বলে স্থানীয় ব্যাঙ্কে গিয়ে বিভিন্ন প্রকার ঋণের পরিকল্পনা সম্বন্ধে খোঁজখবর নেয়। ব্যাঙ্ক কর্মী তাকে বলে যে ঋণ পেতে হলে তাকে তার সম্পত্তি “মর্টগেজ” (বন্ধক) রাখতে হবে এই গরীব কৃষক ব্যাঙ্ক কর্মীর কথা ঠিকমতন বুঝতে পারে না কারণ “মর্টগেজ” শব্দটি তার কাছে নতুন এবং কৃষকদের স্থানীয় ব্যবহৃত ভাষায় এই শব্দের ব্যাখ্যা করাও ব্যাঙ্ক কর্মীর পক্ষে যথেষ্ট কঠিন। যার ফলস্বরূপ কৃষক বাধ্য হয়ে যথারীতি অনেক বেশী সুদের হারে স্থানীয় সুদকারীর কাছ থেকে টাকা ধার নিল।

### নেপাল

প্রথম কার্যশালা থেকে দেশে ফিরে এসে আমি জীবিকা নির্বাহণ সম্বন্ধিত তথ্য নেপালী ভাষায় সংগ্রহ করার চেষ্টা করি, যাতে নেপালে এই বিষয়ে লোকে কি ধারণা পোষণ করে সেটা আমি ভালোভাবে বুঝতে পারবো। ডি এফ আই ডি<sup>১</sup> এবং ডিপার্টমেন্ট অফ ফরেস্ট্রি অফ নেপাল দ্বারা প্রকাশিত কিছু পত্রিকা এবং কাগজ এই বিষয়ে পাওয়া গেল। সেইসব থেকে আমি কিছু নেপালী শব্দ বাছলাম যা “জীবিকা নির্বাহণ” সম্বন্ধিত আলোচনায় আমরা ব্যবহার করেছি। তারপর আমি, রাজধানী থেকে ৪০ কি:মি: দূরে কাভারেতে স্থিত ডিস্ট্রিক্ট এগ্রিকালচার ডেভলপমেন্ট অফিসে গেলাম, যেখানে আমি কাজ করি। আমি কয়েকজন কর্মকর্তাদের সাথে জীবিকা নির্বাহণ বিষয়টি নিয়ে আলোচনা করলাম যারা আদিবাসী গোষ্ঠীর সাথে কাজকর্মে সরাসরী ভাবে যুক্ত এবং সেইসব গোষ্ঠীর লোকজনেরা ভিন্ন-ভিন্ন স্থানীয় ভাষায় কথা বলে। আলোচনার প্রথমে তাদের বক্তব্য ছিলো জীবিকা একটি আর্থিক বিষয়বস্তু। কিন্তু তারপরে শহর এবং গ্রামের লোকেদের জীবিকার উপর একঘন্টারও বেশী সময়ের আলোচনার পরে তারা বুঝতে পারলো যে এটা শুধুমাত্র আর্থিক বিষয়বস্তু নয়। বৃহত্তর অর্থে দেখতে গেলে এটি প্রাপ্ত প্রাকৃতিক সম্পদ, সেই সম্পদের ব্যবহারের উপায়, প্রাপ্ত সম্পদকে ব্যবহার করার ক্ষমতা, সরকারী এবং আন্তর্জাতিক বানিজ্য নীতি, প্রযুক্তি বিদ্যাগত নতুন পদ্ধতি, সমাজের সাংস্কৃতিক এবং সামাজিক পরিকাঠামো।

১. ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভলপমেন্ট, ইউনাইটেড কিংডম

আমার মনে হয় যে, লোকেদের জীবিকা নির্বাহণ সম্বন্ধে পুরোপুরি ভালো ভাবে বোঝাতে হলে নিজস্ব নিজস্ব দেশের ঘটনার উদাহরণের সহিত জীবিকা নির্বাহণ সম্পর্কিত বিভিন্ন শব্দকে বোঝানো দরকার। সুতরাং আমি জীবিকা নির্বাহণ সম্বন্ধিত কিছু বিষয় নিয়ে একটি গবেষণাপত্র লিখলাম এবং এতে ছিল পদ্ধতি, বিষয়, বিশ্লেষণ, জ্ঞানের উপর শব্দের বিষয়ে লেখা এবং উন্নতিমূলক কাজকর্মে এগুলির ব্যবহার। আমি আমার সহকর্মীদের কাছ থেকে এই গবেষণাপত্র সম্বন্ধে ওদের মতামত জানতে চাইলাম। তারা আমাকে বললো যে এই ধরনের গবেষণাপত্র জীবিকা নির্বাহণকে বুঝতে সাহায্য করে এবং এর সাথে আরো কিছু উদাহরণ ও ছোট গল্প যোগ করলে তা তাড়াতাড়ি বোঝা যাবে ও বুঝতে আরো সুবিধাজনক হবে।

### ফিলিপিস

নিজের দেশের অফিসে ফিরে এসে, আমি আমার সহকর্মীদের সাথে কার্যশালার অভিজ্ঞতা ও শিক্ষা নিয়ে আলোচনা করলাম। “জ্ঞাতব্যবিষয়পূর্ণ পুস্তক” বানানোর পরিকার্যামো ও তথ্যাবলীর সংগ্রহের জন্য কিছু তথ্যপূর্ণ বই পড়লাম। সব বই গুলির জন্য একটি ব্যাখ্যাকারী শব্দকোষের দরকার ছিল। এরফলে আমি প্রথমেই শব্দকোষ বানানোর দিকে নজর দিলাম। প্রথম কার্যশালাতে স্পার্ক ফিলিপিসের সহকর্মীদের প্রস্তাবমতো নয়টি শব্দ দিয়ে প্রথমে এই শব্দকোষ বানানো হলো-জীবিকা, অংশগ্রহণকারীতা, অংশীদার, সম্পত্তি, ফলাফল, কৌশল বা নীতি, গোষ্ঠী, দরিদ্রতা এবং প্রভাব।

এইসব শব্দগুলির বৃহত্তর অর্থে মানে বোঝার জন্য- এবং কিছু প্রাসঙ্গিক ঘটনা ও জীবিকার ধারণা ও উপায়ের উপর ব্যাখ্যাকারী কিছু উদাহরণ পাওয়ার জন্য- আমি বিভিন্ন লোকেদের সাথে আলোচনা করলাম যাদের জীবিকা বিশ্লেষণের কাজের উপর অভিজ্ঞতা আছে। এদের মধ্যে ছিল এই বিষয়ে কাজ করে সরকারী সংস্থা, বেসরকারী সংস্থা, ম্যানেজমেন্ট কাউন্সিল, মৎসকৃষকের দল, প্রাদেশিক অথবা পৌরসংস্থের কৃষিকার্য দপ্তর এবং চার্চের প্রতিনিধিগণ। সবার কথায় এটাই ছিল যে জীবিকা বলতে তারা বোঝে জীবনযাপনের জন্য পয়সা রোজগার, অথবা তারা এটাকে গরীব লোকেদের জন্য “জীবিকা নির্বাহণের প্রকল্পের” সাথে জড়িত কোন শব্দ ভাবে, যার উদ্দেশ্য হচ্ছে রোজগার বাড়ানো। (ইলোঙ্গতে এটি প্যালানগিতান এন বলে)

যাইহোক, লোকেদের সাথে দীর্ঘ আলোচনার পরে এই শব্দের অর্থের পরিধি যে বৃহত্তর তা বোঝা গেল। তারা জীবিকা নির্বাহণ সম্বন্ধিত প্রকল্পগুলির সম্বন্ধে নিজেদের অভিজ্ঞতা বললি: তার উদ্দেশ্য, উপায় এবং বিভিন্ন প্রক্রিয়া এবং তার প্রয়োজনীয়তা, কেন তা দরকার। এর দ্বারা আমি বুঝতে পারলাম যে “জীবিকা নির্বাহণ” শব্দকে বিভিন্ন ভাবে বর্ণনা বা ব্যাখ্যা করা যায় (পরিভাষা, গল্প ও ছবির সাহায্যে) এবং আলোচনার মাধ্যমে তা ভালোভাবে বোঝা যায়।

### ভিয়েতনাম

দুটি কার্যশালার মধ্যবর্তী সময়ের ফলাফল হলো একটি শব্দকোষের প্রথম পরিচ্ছদ, সেইসব শব্দ যা আমরা ইংরাজী এবং ভিয়েতনামীতে সর্বদাই ব্যবহার করি, এটা সম্পূর্ণ করে লোকেদের মধ্যে বিতরণ করা হয়ে গিয়েছিল। সহকর্মীদের সাহায্যে, আমরা ৭০০টিরও বেশী শব্দ নিয়ে একটি তালিকা বানিয়েছিলাম যার মধ্যে একটি শব্দ ছিল “জীবিকা”। আমরা এটাকে করেছিলাম বিভিন্ন সংস্থার সাথে ই-মেলের সাহায্যে যোগাযোগের মাধ্যমে যেমন ডেনিডা, আই এম এ, আই ইউ সি এন, অক্সফেম এবং ডব্লু ডব্লু এফ<sup>৯</sup>। কিছু লোক যারা এই শব্দকোষের প্রতিলিপি পেয়েছিল তাদের বক্তব্যে “এই ধরনের কাজের ফলে সেইসব ভিয়েতনামী কর্মীরা উপকৃত হবে যারা জলীয় সম্পদ পরিচালনা জড়িত কাজে অনুবাদের কাজ করে”।

দুটি কার্যশালায় অংশগ্রহণের পূর্বকার এক গল্প দিয়ে আমি এই প্রবন্ধটা শেষ করবো। গত বছর যখন আমরা জীবিকা নির্বাহণের উপর কার্যশালা করবো বলে পরিকল্পনা করছিলাম, আমার দক্ষিণ ভিয়েতনামের লঙ্গ আন প্রদেশের গণ সংগঠনের কাছে একটি চিঠি পাঠিয়েছিলাম<sup>১০</sup> এবং তখন ওখানকার লোকেরা জীবিকা নির্বাহণের অর্থ সম্বন্ধে আমাদের জিজ্ঞাসা করেছিল। কিছু অংশগ্রহণকারীরা এই কার্যশালায় যোগ দিতে ইতস্তত: করছিল যেহেতু তাদের এই কার্যশালার নামের মানে সম্বন্ধে কোন সঠিক ধারণা ছিল না। যখন স্ট্রীমের দেশীয় দপ্তর দ্বারা এই সমস্যার কথা জানানো হয়, তখন সরকারী মৎস মন্ত্রালয় এই সমস্যার সাহায্যকারী সমাধান হিসাবে ঠিক করলো যে বিভিন্ন প্রদেশের প্রাদেশিক ভাষায় এই শব্দের প্রয়োগ করবে, তারপরে সেখানকার লোকেরা এর পরিভাষা বুঝতে পেরে স্বতঃস্ফূর্ত ভাবে কার্যশালায় যোগদান করেছিল। এই ভাবে এই শব্দের প্রতিষ্ঠা হল ও কার্যশালার উদ্দেশ্য ভালোভাবে সফল হল, যা আমাদের চিন্তার অধিক।

লেখকেরা হলেন স্ট্রীমের দেশীয় দপ্তরের যোগাযোগ কেন্দ্রের প্রবন্ধক। এলিজাবেথ এম গলজালেস, ইলোইলো শহর ফিলিপিসের; নুয়েন সং হা হানোয়াতে, রুবু মুখাজী, রাঁচী, ভারতবর্ষে; নিলকান্ত পোখরেল, কাঠমাণ্ডু, নেপালে এবং শ্যাম ভেক ফম পেন, কম্বোডিয়াতে। তাদের ই-মেলের যোগাযোগের ঠিকানা আপনারা পাবেন পৃষ্ঠা ১৪য়।

৯. ডেনিস ইন্টারন্যাশনাল ডেভলপমেন্ট এজেন্সি, ইন্টারন্যাশনাল মেরিনলাইফ এলায়েন্স, ইন্টারন্যাশনাল ইউনিয়ন যার কনসারভেশন অফ নোচার, অক্সফেম, ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ।

১০. স্ট্রীম পত্রিকা ১(৪) একটি প্রবন্ধটি লেখা হয়েছে নভেম্বর ২০০২ ভিয়েতনামের লঙ্গ আনে অনুষ্ঠিত “জীবিকা বিশ্লেষণের শেখার কার্যশালা”।

নিজেদের মতামত একে অপরকে জানানোর দ্বারা একমত তৈরীর জন্য সাধনের ব্যবহার,  
দীর্ঘস্থায়ী-জীবিকা নির্বাহণের পরিকাঠামোর ব্যবহার দ্বারা শেখা।

নুচজারে ল্যাক্কুলশানে<sup>১১</sup>

তিনটি সাধনের কার্যকারিতার চেষ্টা

পর্যাবেক্ষণ এবং মূল্যায়ন প্রক্রিয়ার অন্তর্গত, ২০০৩ এর জুলাই মাসে স্পার্ক থাইল্যান্ড দল দ্বারা দেশের উত্তরাঞ্চলে কার্যক্ষেত্রের পরিদর্শনের ব্যবস্থা করা হয়েছিল। এই পরিদর্শনের উদ্দেশ্য ছিল স্পার্ক সাহায্যপ্রাপ্ত কর্মসঙ্গীদের কাজ শেখার পদ্ধতির মূল্যায়ন করা এবং “প্লেসমেন্ট”<sup>১২</sup> ও “এস এল ও-এওয়ার্ডিস”<sup>১৩</sup> সদস্যদের কাজ নথিভুক্ত করার প্রক্রিয়া শেখানো—যেমন নির্বাচিত দলের জীবনযাত্রার গুরুত্বপূর্ণ পরিবর্তনের ঘটনা, এবং যারা প্রাকৃতিক সম্পদ ব্যবহার সম্বন্ধে এইসব লোকেদের সাহায্য করে তাদের ব্যবহার ও কাজের পরিবর্তনের বিষয় ইত্যাদি। নিজেদের মতামত একে অপরকে জানানোর দ্বারা একমত হবার জন্য, যোগাযোগের প্রক্রিয়াতে উন্নতি করার জন্য এবং স্পার্ক ও তার কর্মসঙ্গীদের যোগাযোগের প্রক্রিয়াকে বিশ্লেষণ করার জন্য, জীবিকা এবং ভাষার উপর দ্বিতীয় কার্যশালার তিনটি সাধনকে এই দল ব্যবহার করেছিল। সাধনগুলি হল—

- ১) কর্মসঙ্গী
- ২) সম্পর্ক
- ৩) যোগাযোগের বা কথাবার্তার বক্তব্য।

আমাদের যোগাযোগের প্রক্রিয়া তৈরীর পরিকল্পনার জন্য আমরা যে পরিদর্শনে গিয়েছিলাম তার আগেই প্রথম দুটি সাধন প্রাথমিকভাবে ব্যবহৃত হয়েছিল। প্রথম সাধনটি আমরা ব্যবহার করি আমাদের কর্মসঙ্গীকে ব্যাখ্যা করার জন্য, যেমন কার সাথে আমরা কাজ সম্পর্কিত কথা বলবো, তারা কাদের প্রতিনিধিত্ব করবে এবং কথাবার্তার উদ্দেশ্য ও বক্তব্য কি হবে। দ্বিতীয় সাধনটি বোঝানোর জন্য আমরা একটা বৃত্তীয় রেখাচিত্রের ব্যবহার করি যাতে ফলাফল, নিষ্কর্ষ এবং প্রভাব— এই সম্বন্ধে এদের সম্পর্ককে পরিষ্কারভাবে বুঝিয়ে দেয়। আমরা আমাদের কর্মসঙ্গী হিসাবে দুটি বেসরকারী সংস্থাকে চিহ্নিত করলাম— চিয়াং মাই তে নর্দান ডেভলপমেন্ট ফাউন্ডেশন (এন ডি এফ) ও ফায়ো প্রজেক্ট ফর ডেভলপমেন্ট (পি ডি পি) এবং— তাদের অংশীদাররা এন ডি এফ এবং পি ডি পি হচ্ছে স্পার্কের প্লেসমেন্ট এবং ওসলোর কাজকর্মের জন্য দুই প্রধান সহযোগী, এরা তাদের অংশীদারদের জন্য প্রাকৃতিক সম্পদ পরিচালনা সম্পর্কিত কাজকর্ম করে :



চিয়াং মাইতে আলোচনার মধ্যে বৃত্তীয় রেখাচিত্রের ব্যবহারের সাহায্যে ফলাফল, নিষ্কর্ষ এবং প্রভাবকে বোঝানো হচ্ছে।

গোষ্ঠী নেতা, টেম্বন প্রশাসন দপ্তর এবং স্থানীয় বেসরকারী সংস্থা। তারপরে আমরা আমাদের কথাবার্তার উদ্দেশ্য কি হবে সেটা ঠিক করলাম ও একটি পরিকাঠামোর প্রক্রিয়া বানালাম যা আমাদের কর্মসঙ্গীদের সাথে গোষ্ঠী নেতা, টেম্বন প্রশাসন দপ্তর ও বেসরকারী সংস্থাগুলির সাথে ব্যবহার করা শুরু করা হল। আমরা বুঝতে চাইছিলাম যে এন ডি এফ এবং পি ডি পি তাদের অংশীদারদের কি ধরনের সেবা প্রদান করে প্রাকৃতিক সম্পদ ব্যবহার করার জন্য এবং কাজ করার সময়ে তারা তার মধ্যে থেকে কী শিখতে পেরেছে। এটা মনে হলো যে প্রথম দুটি সাধনের একত্রে প্রয়োগের ফলে আমরা আমাদের প্রক্রিয়ার পরিকল্পনা ও চিন্তাগুলিকে বাস্তবায়িত করতে পারি।

স্পার্কের অংশীদারদের প্রাপ্তি এবং সম্পর্ক

লোকেদের জীবনযাত্রার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন এবং এই প্রকল্পে কর্মরত সদস্যদের ব্যবহার ও কাজের পরিবর্তন লক্ষ্য করার ও বিশ্লেষণ করার জন্য উদ্দেশ্যমূলক পরিদর্শনের সময় দ্বিতীয় সাধনটি আবার ব্যবহৃত হয়েছিল। আলোচনার মাধ্যমে আমরা বুঝতে চেষ্টা করলাম কর্মসঙ্গীদের প্রাপ্তি এবং তাদের শিক্ষণীয় পাঠ সম্বন্ধে, কারা এই পরিবর্তনের দ্বারা লাভবান হয়েছে এবং তাতে স্পার্কের অবদান কি ভাবে জড়িত আছে। যখন আমরা স্পার্কের অবদান সম্পর্কে জিজ্ঞাসা করলাম তখন কেউ তার ঠিকমত উত্তর দিতে পারলো না কারণ তারা বিভিন্ন সূত্র থেকে সাহায্য পায়, এবং তাদের পক্ষে স্পার্কের অবদান নির্ধারণ করা একটা কঠিন ব্যাপার।

১১. পানপিলাই কিটসুয়াঙ্গ, দেছা ফাশুক ও ডুয়াং কামোল সিরিসুক ও স্পার্ক থাইল্যান্ড দলের সদস্য।

১২. সংস্থা যেখানে স্পার্কের সদস্যরা কাজ করে।

১৩. ও এস এল ও - আদার শেয়ারড্ লার্নিং অপরচুনিটিস এবং প্রাদেশিক কাজকর্মের সাথে যুক্ত যেমন গবেষণা, শিক্ষণীয় ভ্রমণ এবং বৃত্তীয় সাহায্য।



আমরা দেখলাম যে বৃত্তীয় রেখাচিত্রের দ্বারা বোঝানোর ফলে সহজেই বোঝা যায় যে কিভাবে বিভিন্ন অংশগ্রাহীরা লাভবান হয়েছে, যেমন সর্বশেষ ভোক্তা সমাজের লোক বেসরকারী বা সরকারী সংস্থা যেই হোক না কেন। এন ডি এফের কার্যকারীতার দ্বারা সমাজে কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন লক্ষ্য করা যায় যেমন উত্তর থাইল্যান্ডের গণ সংগঠনগুলির আরো শক্তিশালী হওয়া। তারা আরো আত্মবিশ্বাসী হয়ে উঠেছে এবং নীতি তৈরীর আলোচনায় নিজেদের বক্তব্যকে পেশ করতে পারছে। যেমন কিছু লোক আর্থিক এবং সামাজিক বিকাশের জন্য রাষ্ট্রীয় উপদেষ্টা সমিতির সদস্য হিসাবে গণ্য হয়েছে। আমরা ক্ষমতা গঠনের ক্ষেত্রে স্পার্কের অবদান নথিভুক্ত করতে পেরেছি 'এন ডি এফ'এর সদস্যদের সাহায্যে, যারা সরাসরিভাবে কাজের সঙ্গে যুক্ত। এইভাবে 'পি ডি পি'র ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন হচ্ছে, প্রাকৃতিক সম্পদ ব্যবহারের ক্ষেত্রে সমাজের লোকের স্বতঃস্ফূর্তভাবে যোগদান, যেখানে সম্পর্কের কাজ হচ্ছে, বেসরকারী সংস্থার কর্মচারীদের গোষ্ঠী জড়িত কাজকর্ম করতে আরো ভালোভাবে সাহায্য করা এবং প্রাকৃতিক সম্পদ ব্যবহারের ক্ষেত্রে আরো বৃহত্তর করা।

দ্বিতীয় সাধনের ব্যবহারের সময়, আমরা এটা দেখলাম যে কি ভাবে মতামত আদান প্রদান করা যায় তা সবাইকে ব্যক্ত করা দরকার। আমরা আমাদের কর্মসঙ্গীদের পরিষ্কারভাবে বুঝিয়ে বললাম যে আমাদের কথাবার্তার মূল বিষয় আমাদের কাজের ফলাফলের না হয়ে হওয়া উচিত পরিবর্তনের বিষয়ে যা বাস্তবিক হয়েছে এবং এই সাফল্যে বিভিন্ন দলের ভূমিকা, তাতে স্পার্কের কোন যোগদান আছে কি না। তারপরে আমরা দেখব যে, ভবিষ্যতে স্পার্ক কিভাবে সাহায্য করবে। এইভাবে দুইদিকের কথাবার্তার ফলে স্পার্ক এবং তার কর্মসঙ্গীরা মতের আদান-প্রদানের দ্বারা কিছু শিখলো যেটাকে "প্রদানকারী"র কাছ থেকে "গ্রহণকারী"র কিছু লাভজনক প্রাপ্তি বলে ব্যাখ্যা করা যায় না।

### সুসংবদ্ধ সম্বন্ধ এবং নির্ভরশীলতা



গোষ্ঠীনেতাদের সাথে আলোচনার দরুন। এই মানচিত্রটি গোষ্ঠীর লোকদের দ্বারা তৈরী এবং এর দ্বারা সরকারকে বোঝানোর চেষ্টা করা হয়েছে যে তারা ওই অঞ্চলে অনেকদিনের অধিবাসী (যেটি জাতীয় উদ্যান হিসাবে ঘোষণা করা হয়েছে) এবং তারা এমন একটি পদ্ধতির স্থাপনা করেছে যাতে বনাঞ্চল এবং পরিবেশের কোন ক্ষতি না হয়।

তৃতীয় সাধনটি উপকারী হচ্ছে সম্পর্কের ঘনিষ্ঠতা ও সংবাদের সত্যতা বিশ্লেষণ করার জন্য। স্পার্কের সাথে সমাজের লোকদের সম্পর্কটি ঘনিষ্ঠ নয় কারণ স্পার্ক প্রত্যক্ষভাবে তাদের সাথে বা তাদের জন্য কাজ করে না এবং খুবই অল্প সময়ের জন্য আমরা একে অপরের মুখোমুখি হই। সেইজন্য নির্ভরযোগ্য সম্বন্ধ তৈরী হওয়া একটা কঠিন কাজ। ফলে সমাজের লোকদের থেকে প্রাপ্ত খবরের সত্যতার উপর এর প্রভাব পড়ে। আমরা কিভাবে জনবো যে তারা আমাদের সম্পূর্ণ এবং সঠিক খবর দেওয়ার মতন বিশ্বাসযোগ্য বলে মনে করে কিনা? তার উপর স্পার্ক একটি বহিরাগত পূর্জ বিনিয়োগকারী সংস্থা, কর্মসঙ্গীদের কাছে স্পার্কের অবস্থান গুরুত্বপূর্ণ ভূমিকার ন্যায় কাজ করে, যার ফলে কর্মসঙ্গীরা স্পার্ককে শুধু "ভালো খবরই" প্রদান করবে এটাও স্বাভাবিক। সুতরাং বিভিন্ন উপায়ের দ্বারা খবরের সত্যতা যাচাই করা জরুরী, কর্মসঙ্গীদেরও পরিষ্কারভাবে বুঝিয়ে দেওয়া উচিত কাজের ভূমিকা ও কাজের মূল্যায়নে আমাদের সত্যতা সম্বন্ধে, যার ফলে ভবিষ্যতে কাজের উন্নতি হবে।

### দীর্ঘস্থায়ী জীবিকা নির্বাহনের পরিকাঠামোর ব্যবহারের দ্বারা শেখা

কর্মসঙ্গীদের সাথে কথাবার্তার দরুন, দীর্ঘস্থায়ী জীবিকা নির্বাহনের পরিকাঠামোর ব্যবহারের ফলে আমরা সমাজের লোকদের জীবনযাত্রার সঠিক ছবিটা বুঝতে পারলাম। কি করে তাদের দিন চলে, জীবিকার বিভিন্ন পদ্ধতি এবং বিভিন্ন বিষয় যেমন, প্রাকৃতিক সম্পদ, ক্ষমতা ও সরকারী নীতি তাদের কিভাবে প্রভাবিত করে ইত্যাদি। দীর্ঘস্থায়ী জীবিকা নির্বাহনের পরিকাঠামোর ব্যবহারের দ্বারা যে প্রশ্ন আমাদের মাথায় ছিল তা আমরা জিজ্ঞাসা করলাম। আমরা শিখলাম যে গোষ্ঠীর জীবিকা নির্বাহনকে বিভিন্ন ভাগে ভাগ করা যায় যেমন কৃষিপ্রধান, বনপ্রধান, মৎসপ্রধান, শ্রমপ্রধান।

### যোগাযোগের করা এবং শেখা

নির্ধারিত তিনটি সাধন এবং দীর্ঘস্থায়ী জীবিকা নির্বাহনের পরিকাঠামোর ব্যবহারের দ্বারা স্পার্ক এবং অন্যান্য অংশীদারদের মধ্যে যোগাযোগের একটি নির্দিষ্ট প্রক্রিয়া তৈরী হলো যাতে প্রত্যেকেই সুযোগ পাবে একে অপরের মতামত জানার ও বোঝার জন্য। গুরুত্বপূর্ণ পরিবর্তন যা আমরা লক্ষ্য করলাম তা স্পার্কের জন্য, কর্মসঙ্গীদের জন্য ও সমাজের জন্য শিক্ষণীয় এবং আমরা একজোট হয়ে কাজ করলে উন্নতি অবশ্যম্ভাবী।

শ্রীমতী নুচজারে ল্যাঙ্কুলশানে স্পার্ক থাইল্যান্ডের প্রোগ্রাম অ্যাসিস্টেন্ট। তার যোগাযোগের ঠিকানা <Nuchjaree.Langkulsane@vsoint.org>.  
পানাপিলাই কিটসুসাঙ্গ ভি এস ও থাইল্যান্ডের প্রোগ্রাম অফিসার। তার যোগাযোগের ঠিকানা <Panpilai.Kitsudsang@vsoint.org>.  
দেছা ফাশুক সিভিল সোসাইটি অর্গানাইজেশনের ডিরেক্টর স্পার্ক থাইল্যান্ডের অন্যতম সহযোগী। তার যোগাযোগের ঠিকানা <decha\_dd@hotmail.com>.  
ডুয়াংকামোল সিরিসুক কাজ করেন সার্ভেইনএবল ডেভলপমেন্ট ফাউন্ডেশনের সাথে, এটি একটি স্পার্ক হাব অর্গানাইজেশন। তার যোগাযোগের ঠিকানা <oysirisook@hotmail.com>.

## রাটানকে জীবিকা নির্বাহণের একটা উপায় হিসাবে দেখা

মারিয়াল ডি জেসাস এবং ফ্রিষ্টিন বানটাগ<sup>৪</sup>

### প্রাকৃতিক সম্পদরূপে রাটান

লোকেরা হয়ত রাটানের তৈরী চেয়ার, টেবিল এবং অন্যান্য গৃহসজ্জার সরঞ্জাম দেখে থাকবে। আমরা ফিলিপিন্সের লোকেরা জানি যে রাটানের সরঞ্জামের বেশীরভাগই তৈরী সেবু শহরে। কিন্তু খুব কম লোকেই রাটান থেকে কি করে বিভিন্ন সরঞ্জাম তৈরী হয় সেই সম্বন্ধে জানে, কিন্তু নিশ্চিতভাবে এটা জানে না যে কিছু কিছু ঘটনায় এই গল্প শুরু হয় কিছুটা দূরের আগুসান ডেল সূর থেকে।

প্রাদেশিক রাজ্যপালের অনুরোধে, ভলেন্টারি সার্ভিস ওভারসিজ (ভি এস ও) ফিলিপিন্স এবং তাদের সহযোগী স্পার্কের দেশীয় দপ্তর এবং এনভায়রনমেন্টাল সায়েন্স ফর সোশ্যাল চেঞ্জ (ই এস এস সি) মিলে আগুসান ডেল সূরে একটি সমীক্ষা করলো, যার উদ্দেশ্য ছিল ওই অঞ্চলে প্রাকৃতিক সম্পদ পরিচালনার কার্যসূচীকে রূপায়ণ করতে সাহায্য করা। ‘ভি এস ও পি’ এবং ‘ই এস এস সি’ একটি কার্যশালার আয়োজন করল যার দ্বারা তারা লোকদের তাদের অঞ্চলে প্রাকৃতিক সম্পদ পরিচালনার সাথে সম্পর্কিত অথবা জড়িত কাজের সুযোগগুলিকে বোঝাতে পারবে এবং সর্বশেষ উপভোক্তা (প্রকল্প থেকে লাভবান লোকজন) দের চিহ্নিত করতে পারবে। এই কাজের বাধা বিঘ্নকে চিনতে পেরে যা সর্বশেষ উপভোক্তাদের জীবিকা নির্বাহণের বিকাশে বাধা হয়ে দাঁড়াতে পারে, ভি এস ও আরো ভালোভাবে অঞ্চলের বিকাশের পরিকল্পনা তৈরী করতে পারবে।

### পরম্পরের মতের আদান প্রদান দ্বারা একমত তৈরী হওয়া

জীবিকা এবং ভাষার উপর কার্যশালার অন্যতম একটি মূল বক্তব্য ছিল সবাইকে বোঝাতে হবে যে আমরা সবাই “একই জায়গায় দাঁড়িয়ে আছি”, যাতে লোকেরা একসাথে কাজ করে নিজেদের অভিজ্ঞতার ও ভাষার আদান প্রদান করতে পারবে। কার্যশালায় কিছু অংশগ্রহণকারীর অভিজ্ঞতায়, পরিকল্পনার উদ্দেশ্য ও মূল্যায়নের দরুণ তার ফলাফলের মধ্যে অনেক সময় বড় পার্থক্য দেখা যায়। যেকোন প্রকল্পের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হচ্ছে প্রকল্পের পরিকল্পনা বানানোর সময় কারণ এই সময়ে সকল অংশগ্রাহী প্রকল্পের উদ্দেশ্যকে সঠিকভাবে বোঝার এবং তা কি ভাবে বাস্তবে রূপায়িত করা যাবে সেই সম্বন্ধে বিচার করার সুযোগ পায়।

আগুসানের কার্যশালার ফলে প্রথম থেকেই লোকেরা কিভাবে নিজেদের মধ্যে সহযোগিতা ও বোঝাপড়ার সাথে কাজ করবে সেই সম্বন্ধে বুঝতে পারলো। যেমন স্থানীয় প্রশাসন, ‘ভি এস ও’ এবং ‘ই এস এস সি’র কাছে এটা গুরুত্বপূর্ণ যে প্রাকৃতিক সম্পদ পরিচালনার কাজে সর্বশেষ উপভোক্তা কে হবে, এবং কারা এই কাজ করতে পারবে সেই বিষয়ে স্পষ্ট ধারণা থাকা। তিনটি বৃত্তীয় বৈঠকের দ্বারা পুরো প্রক্রিয়াটাকে বোঝানোর ফলে কার্যশালায় অংশগ্রহণকারী সহজেই বুঝতে পেরেছিল সর্বশেষ উপভোক্তা কারা হবে, কে এই কাজকে করবে এবং এই প্রক্রিয়াতে ‘ভি এস ও’র ভূমিকা কি হবে।



রাটানের কারখানায় জোসেফা মার্টিনেজ

### আবার রাটানের কথা--এক ব্যবসায়ীর কাছ থেকে কিছু শেখা

সুতরাং রাটান কেন? রাটানের তৈরী জিনিষের কাঁচামালের এবং অর্ধনির্মিত রাটানের জিনিষের অন্যতম একটি বড় উৎস স্থল হলো আগুসান ডেল সূর। এখানকার উচ্চভূমিতে থাকা দেশীয় লোকদের জীবিকার মূল উপায় হচ্ছে বন থেকে রাটান সংগ্রহ করা। তাই রাটানের জোগান ও সরবরাহের ক্ষেত্রে এদের (জোগাড়ী) ভূমিকা গুরুত্বপূর্ণ হলেও, তারা বেশীরভাগ সময়ই রাটানের তৈরী জিনিষের কাজের ব্যবসার জন্য সরকারী অনুমতি পায় না। জোসেফা মার্টিনেজের সাথে পরিদর্শনে গিয়ে আমরা এই তথ্যটা

১৪. আর্নেস্ট মনটেস এবং মালৌ সালসেডো স্পার্ক ফিলিপিন্স দলের সদস্য।

জানতে পারলাম। জোসেফা মার্টিনেজ একজন স্বীকৃত রাটান ব্যবসায়ী এবং আগুসান হাইল্যান্ডারস ইনকরপোরেটেড কো-অপারেটিভের সদস্য। জোসেফা স্থানীয় জোগাড়ীদের কাছ থেকে কাঁচামাল কিনে তার লা পাজ এবং লোরোটোর গুদামঘরে রাখেন। তিনি এই কাঁচামাল দিয়ে অর্ধনির্মিত জিনিষ তৈরী করে সেবুতে রপ্তানী করেন। জোসেফা বললেন, তিনি গোষ্ঠীর লোকেরদের কাছ থেকে পয়সা অথবা অন্য কোন জিনিষের বিনিময়ে এই রাটান কেনেন। তিনি মনে করেন আগুসান ডেল সুরের রাটান শিল্পের বিকাশের জন্য সরকারের উচিত মূলধন দিয়ে সাহায্য করা। যদি এই প্রদেশে একটি রাটান দিয়ে জিনিষ তৈরীর কারখানা থাকতো তাহলে তারা সেবুতে রপ্তানী করার বদলে নিজেরাই রাটানের তৈরী জিনিষ বানাতে পারতো এবং তাতে আগুসান অনেক বেশী লাভবান হতো। যার ফলে রাটান জীবিকায় জড়িত লোকেরদের দারিদ্রতা দূর হতো। শ্রীমতী মার্টিনেজের সাথে পরিদর্শনের ফলে বোঝা গেল যে রাটান জোগাড়ীদের গোষ্ঠী এখনও অবহেলিত এবং তাদের জন্য উপকারী বা দরকারী কোন পদ্ধতিগত সুবিধা এখনও তৈরী করা হয়নি। যদিও জোসেফাকে একজন সর্বশেষ উপভোক্তা হিসাবে ধরা হয়, যেহেতু তিনি স্বীকৃত ব্যবসায়ী, কিন্তু তার পরে আরো একটি সর্বশেষ উপভোক্তার স্তর আছে—রাটান জোগাড়ীরা—যারা এখনও অবহেলিত।

### রাটানের এই প্রক্রিয়ার পেছনে

রাটান জোগাড়ীরা, বিশেষত: যারা তাদের পূর্বপুরুষদের জায়গায় থাকে এবং কাজ করে, কম সম্পত্তির অধিকারীর ফলে সমস্যাপ্রস্তু। এই ব্যাপারটি সম্প্রতি লক্ষ্য করা গেছে যখন সার্টিফিকেট অফ এনসেপ্টাল ডোমেইন ক্রেইম (সি এ ডি সি) সবাইকে দেওয়া হচ্ছিল, যা স্বীকৃত রাটান জোগাড়ীদের জীবিকার সুরক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। যদিও এটি জটিল প্রক্রিয়ার একটি ছোট পর্যায় মাত্র। রাটান জীবিকার লোকেরা এমনকি জোসেফা মার্টিনেজের মতন স্বীকৃত ব্যবসায়ীদের এই জীবিকায় বিভিন্ন বাধার সম্মুখীন হতে হয়। তাদের বাজার দরের উপর নির্ভর করতে হয় এবং আরেকটু ভালো বিক্রয় দরের জন্য তারা কিছু বলতে পারে না। কার্যশালায় অংশগ্রহণকারীদের শ্রীমতি মার্টিনেজ জানালেন যে বিক্রির জন্য রাটানকে সড়কপথে অনেকটা রাস্তা পার করতে হয় যেখানে বিভিন্ন চেকপোস্ট এবং রাস্তা অবরোধকারীদের সাক্ষাৎ অবশ্যম্ভাবী—আর এদের টাকা দিতে হয় বলে অনেকটাই বেশী টাকা খরচা হয়ে যায়।

রাটানের নিষ্কাশনের পদ্ধতিতে উন্নতির জন্য জোগাড়ীদের পদ্ধতিগত সাহায্যের প্রয়োজন, যার দ্বারা উৎপাদন আরো ভালো হবে এবং সম্পদের দীর্ঘস্থায়ীতা বাড়ানো যাবে। রাটান জোগাড়ীদের রাটান জোগাড় করতে যথেষ্ট কায়িক পরিশ্রম করতে হয়, শুধু কাটতেই নয়, কাটার পর সেগুলোকে গুদামঘর পর্যন্ত নিয়ে আসতে হয়। জোসেফা বললেন যে রাটান জোগাড়ীদের জীবন সতিই কঠিন এবং তাদের অনুন্নত জায়গায় বসবাসের ফলে প্রাথমিক সামাজিক সুবিধাগুলিও তাদের কাছে পৌঁছায় না। তাদের দারিদ্রতার এইগুলিই হচ্ছে বিভিন্ন কারণ।

### রাটানের জন্য দীর্ঘস্থায়ী জীবিকার পরিকাঠামো তৈরী করা

দীর্ঘস্থায়ী জীবিকার পরিকাঠামোর দ্বারা বর্ণনার ফলে, কার্যশালায় অংশগ্রহণকারীরা বুঝতে পারলো যে, রাটান জোগাড়ীদের উন্নতির ক্ষেত্রে সাহায্য করতে হলে, তাদের ক্ষমতা গঠনের উপর নজর দিতে হবে। যেমন উন্নত প্রযুক্তিগত বিদ্যায় তাদের শিক্ষিত করতে হবে যার দ্বারা তারা দীর্ঘস্থায়ীভাবে রাটানের উৎপাদন ও ব্যবসায় লাভবান হতে পারবে। এবং এই প্রক্রিয়ার প্রদেশের রাটান ব্যবসাও প্রসারিত হবে, রাটানের কাঁচামালের একটি ছোটমাত্রার যোগানদার থেকে তারা রাটানের তৈরী জিনিষের রপ্তানীকারী হয়ে উঠবে।

দীর্ঘস্থায়ী জীবিকার পরিকাঠামোর ব্যবহারের সঙ্গে অন্যান্য অংশগ্রহণকারী পদ্ধতি যেমন দলগত আলোচনা, সাক্ষাৎকার ইত্যাদির সাহায্যে আমরা রাটানের জীবিকার সাথে জড়িত লোকেরদের জীবনটা বুঝতে পারলাম। যদিও রাটান জোগাড় করার প্রক্রিয়াটা জটিল, তবুও আগুসান ডেল সুরের সমীক্ষা কার্যশালায় ফলে আরো ভালোভাবে বোঝা গেছে এর উন্নতির জন্য কি কি দরকার। এই কার্যশালায় থেকে প্রাপ্ত শিক্ষার ফলে, ‘ভি এস ও’, ‘ই এস এস সি’ এবং প্রাদেশিক সরকার আরো ভালোভাবে উন্নতির যথাযথ পরিকল্পনা তৈরী করতে পারবে, যার দ্বারা সর্বশেষ সত্যিকারের উপভোক্তারা লাভবান হবে।



রাটানের কারখানা বনের কাছে, সেবু শহরের আসবাবপত্রের কারখানার কর্মীদের বিরোধের কারণ

মারিয়েল ডি জিসাস ‘ই এস এস সি’র ফিলিপিন্সে স্পার্কের দেশীয় দপ্তরের প্রকল্প নির্দেশক। তার যোগাযোগের ঠিকানা <esscsprk@mozcom.com>.  
ক্রিস্টিন বানটাগ ফিলিপিন্সের ‘ভি এস ও’র একজন প্রোগ্রাম অফিসার এবং তার যোগাযোগের ঠিকানা <christine.bantug@vsoint.org>.  
আনেষ্ট মনটেস ট্যাকলোবান শহরে ব্যবসা ও শিল্পবিভাগে কর্মরত। তার যোগাযোগের ঠিকানা <semkonsullresearch@yahoo.com>.  
মালৌ সালসেডো আগুসান ডেল সুরে ‘ই এস এস সি’র সাথে কর্মরত। তার যোগাযোগের ঠিকানা <mollou\_bsalcedo@eduoramail.com>.

## “গোষ্ঠী পরিচালিত অঞ্চলের” অর্থ

আরিফ আলিআদি<sup>৫</sup>

ইন্দোনেশিয়াতে বনবিভাগ দ্বারা গোষ্ঠীর লোকেরা খুব বেশী উপকৃত হয় না, বিশেষত: যারা বনের কাছাকাছি অথবা পরিধির ভিতরে বসবাস করে। গোষ্ঠীর লোকেরদের জন্য বনবিভাগ ১৪৩ মিলিয়ন হেক্টরের পরিধির বনের মধ্যে কিছুই ধার্য করেনি। “লাটিন”<sup>১৬</sup> এর পরিসংখ্যান অনুযায়ী ৬০ থেকে ৪০ মিলিয়ন লোক (অথবা ইন্দোনেশিয়ার জনসংখ্যার এক-তৃতীয়াংশ) বনের উপর নির্ভরশীল। বনের “উৎপাদিত অঞ্চল” (৪৫% জায়গা) পরিচালনা করে বেসরকারী সংস্থা কিংবা ‘পারলুটনি’ যেটি একটি সরকারী অধিকৃত সংস্থা। সংরক্ষিত এলাকা (২১%) এবং রক্ষণশীল অঞ্চল (১৩%) সরকার দ্বারা “বালাই কনসারভাসি সামবারদায়া আলাম” (প্রাকৃতিক সম্পদের রক্ষাকারী বিভাগ) এবং “বালাই তামান ন্যাশনাল” (ন্যাশনাল পার্ক বোর্ড) দিয়ে পরিচালিত হয়। তার মধ্যে, বনের কিছু অঞ্চলকে (২১%) বিভিন্ন কাজে ব্যবহৃত করা হচ্ছে যেমন বাঁধ বানানোর কাজে, বৃক্ষ রোপনের কাজে এবং অন্যান্য জায়গা থেকে যে লোকেরা এসে ওই অঞ্চলে বসবাস শুরু করেছে তাদের বাসস্থানের জন্য।

বনবিভাগের এই ধার্যনীতির ফলে কিছু অমীমাংসিত বিবাদের সৃষ্টি হয়েছে (মুহাম্মদ এট অল, ২০০০)। বিভিন্ন কারখানার এই প্রাকৃতিক সম্পদের অপব্যবহার, টিকের বন, জমি সংক্রান্ত, সংরক্ষিত এলাকা এবং বৃক্ষরোপন সংক্রান্ত-প্রায় ২০,০০০ মামলা চলছে। ইন্দোনেশিয়ার দ্বিতীয় রাষ্ট্রপতি সোহর্তের সময়কালীন বিকাশের আধিপত্যের পরিকল্পনার পদ্ধতির ফলাফলের জন্যই এই বিবাদ যার উদ্দেশ্য ছিল বনাঞ্চল নির্মূলের দ্বারা বসবাসের জায়গা তৈরী করা।

### ধারণা, মানে এবং একটি কার্যশালা

বনের অঞ্চলে বসবাসকারী লোকেরদের জন্য “লাটিন” কাজ করে যাতে তারা জমি, বনের সম্পদ এবং প্রাকৃতিক সম্পদকে আরো ভালোভাবে ব্যবহার করতে পারে, এবং “গোষ্ঠী পরিচালিত অঞ্চলের” ধারণার ক্ষেত্রে নিজস্ব মতামত তৈরী করতে পারে। আমরা এই বিষয়টি নিয়ে অনেক আলোচনা করেছি এবং ২০০০ সাল থেকে এটিকে কার্যকারী করার চেষ্টা করা হচ্ছে। যাইহোক, এই ধারণাটিকে কার্যক্ষেত্রে ব্যবহারের সময় অনেক সমস্যার সম্মুখীন হতে হয়েছে কারণ আমরা, আমাদের কর্মসঙ্গীরা, অন্যান্য বেসরকারী সংস্থা, সমাজের অংশগ্রাহীরা এবং সরকার, একটি কাজের ভিন্ন ভিন্ন অর্থ বুঝেছিলাম।

এরফলস্বরূপ জীবিকা এবং ভাষার উপর স্পার্ক-স্ট্রীমের দ্বিতীয় কার্যশালায় পরে ‘লাটিনে’ জুন ২০০৩তে একটি একদিবসীয় কার্যশালায় আয়োজন করা হয়েছিল যার মূখ্য বিষয় ছিল “গোষ্ঠী পরিচালিত অঞ্চল” সম্বন্ধে আলোচনা করা এবং এর উদ্দেশ্য ছিল বিভিন্ন অংশগ্রাহীদের সাথে আলোচনার মাধ্যমে মতামতের আদান-প্রদান দ্বারা “গোষ্ঠী পরিচালিত অঞ্চলের” অর্থ পরিষ্কার ভাবে বোঝা।

### কার্যশালায় প্রক্রিয়া

আমরা আমাদের “কর্মসঙ্গীকে” নির্বাচিত করার জন্য জীবিকা এবং ভাষার উপর কার্যশালা থেকে শেখা সাধনের ব্যবহার করেছিলাম এবং অংশগ্রহণকারীদের কার্যশালা থেকে প্রত্যাশা এবং কার্যশালায় উদ্দেশ্য সম্বন্ধে পরিষ্কার ধারণা তৈরী হয়েছিল।

### কর্মসঙ্গীর নির্বাচন

এই কার্যশালায় কর্মসঙ্গীরা ছিল “লাটিনের” ফিল্ড আফিসাররা যারা চারটি অঞ্চলে কাজ করে, এবং আমাদের সহযোগী: পশ্চিম জাভার, ‘কুনিগান’ থেকে ‘কানোপি’, পূর্ব জাভার জেমবার থেকে ‘কেইল’ এবং পশ্চিম নুসার টেঙ্গারার ডম্পু থেকে ‘ওয়াই পি ২ এম ডি’। এরা সকলেই বেসরকারী সংস্থার কর্মকর্তা এবং প্রত্যেকেই বন সম্পদের উপর নির্ভরশীল লোকেরদের নিয়ে কার্যকর্মে ৫ বছরের ও বেশী অভিজ্ঞতাসম্পন্নকারী। কার্যশালায় আমরা আমাদের নিজেদের চলিত ভাষা, ভাষা ইন্দোনেশিয়ার ব্যবহার করেছিলাম। কার্যশালায় কর্মসঙ্গীদের মধ্যে ডম্পু, জাভানিস এবং সানড্যানিসেরও বক্তারাও ছিলেন।

### কার্যশালায় থেকে প্রত্যাশা এবং কার্যশালায় উদ্দেশ্যকে পরিষ্কার ভাবে বোঝা

আমরা প্রথমে কার্যশালা অংশগ্রহণকারীদের কাছ থেকে এই কার্যশালা থেকে তাদের প্রত্যাশা সম্বন্ধে স্পষ্ট ভাবে বুঝলাম। এর ফলে কার্যশালায় উদ্দেশ্য নিয়ে আলোচনায় সুবিধা হল, যাতে আমরা প্রথমে একমত হয়ে তার পরে সেটা কি ভাবে করা যাবে সেই বিষয়ে আলোকপাত করলাম। অংশগ্রহণকারীরাও তাদের বিভিন্ন অভিজ্ঞতা নিয়ে আলোচনা করল যেমন “গোষ্ঠী পরিচালিত অঞ্চল” সম্বন্ধে বিভিন্ন মতামত, তাদের কি কি প্রশ্ন এবং বক্তব্যের সম্মুখীন হতে হয় ইত্যাদি।

১৫. প্রিয়ো আসমারো, লাটিপহ “স্মিথ” হেনডাটি এবং টাবিথা ইউলিটা স্পার্কের ইন্দোনেশিয়া দলের সদস্য।

১৬. লাটিন- ল্যামবাগা আলাম ট্রিপিকা ইন্দোনেশিয়া (ইন্দোনেশিয়ান ট্রিপিকাল ইম্পিটিটিউট)

“গোষ্ঠী দ্বারা পরিচালিত অঞ্চলের” অর্থ নিয়ে মতামতের আদান প্রদান এবং একটি সিদ্ধান্তে পৌঁছানো

প্রত্যেক অংশগ্রহণকারী “গোষ্ঠী দ্বারা পরিচালিত অঞ্চলের” অর্থ বলতে তারা কি বোঝে তা প্রত্যেকের কার্ডে লিখল এবং তা একটি সাদা বোর্ডে টাঙানো হলো। প্রত্যেকটি কার্ডের লেখা নিয়ে একে অপরের সাথে আলোচনার দ্বারা মোটামুটি “গোষ্ঠী দ্বারা পরিচালিত অঞ্চল” সম্বন্ধে একটি সিদ্ধান্তে পৌঁছানো গেল।

“গোষ্ঠী দ্বারা পরিচালিত অঞ্চলের” কিছু অর্থ

স্থানীয় সমিতির ভবিষ্যতের পরিকল্পনার ধার্য কাজকর্মের জন্য সম্পদকে নিজেদের ইচ্ছা অনুসারে ব্যবহার করার অধিকার থাকে। স্থানীয় ক্ষমতাকে উন্নত করতে হলে স্থানীয় সম্পদের অর্থনৈতিক দিকটাকে সংশোধন করতে হবে, সমাজে শিক্ষার হার এবং পরস্পরের মধ্যে সহযোগিতার মনোভাব বাড়াতে হবে। পরিচালনা বিভাগের ভূমিকা, অধিকার এবং দায়িত্ববোধ সম্বন্ধে পরিষ্কার ভাবে তাদের বোঝানো হলো যাদের এই সম্পর্কে জিজ্ঞাসা ছিল।

স্থানীয় লোকেদের স্বল্প, বনসম্পদের পরিচালনা এবং নীতি নির্ধারণের ভূমিকাতে প্রাধান্য আছে। সবাই যারা বনের পরিধির আশেপাশে থাকতো “পরিচালনার অধিকারের” সম্বন্ধে রাজী ছিল না। কেউ কেউ “মালিকানার অধিকার” চাইছিল, বিশেষত: যখন এটা দিতে অস্বীকার করা হয়েছিল। “গোষ্ঠী দ্বারা পরিচালিত অঞ্চলে” সেইসব লোকেদের জমি ফিরিয়ে দেবার দাবীকে স্থান দিতে হবে যাদের জমি আগে থেকেই সরকারী বা বেসরকারী সংস্থা দ্বারা অধিকৃত হয়ে ব্যবহার করা হচ্ছে। স্থানীয় লোকেদের বন বিভাগ পরিচালনার কাজে অবশ্যই সুযোগ দিতে হবে, পরিকল্পনার কাজ থেকে পর্যবেক্ষণ এবং মূল্যায়নের কাজ পর্যন্ত তাদের অংশগ্রহণ প্রয়োজনীয়। তাদের নীতি-নির্ধারণের প্রক্রিয়াতেও অন্তর্ভুক্ত করতে হবে।

স্থানীয় সমিতির স্থানীয় সম্পদের জায়গা এবং সময়ের উপর অধিকার আছে। জায়গা হিসাবে প্রাকৃতিক অঞ্চল ছাড়াও, দীর্ঘস্থায়ী উপকারিতার সুযোগও অবশ্যস্ত্রী হওয়া উচিত, শুধু আগামী এক দুই বছরের জন্যই নয়, বরং আগামী প্রজন্ম অর্ধি। এই অঞ্চল কেনা বা বিক্রি করা যাবে না, যদিও এর উৎপাদিত সামগ্রী ততদিন কেনা বা বিক্রি করা যাবে যতদিন এর উপকারিতা না কমছে।

“গোষ্ঠী পরিচালিত অঞ্চল” সম্বন্ধে কিছু উপসংহার

“গোষ্ঠী পরিচালিত অঞ্চলের” মানে সম্বন্ধে অংশগ্রহণকারীদের কাছ থেকে বিভিন্ন রকমের বক্তব্য পাওয়া গেছে। আমরা তার দ্বারা নিম্নলিখিত উপসংহারগুলি তৈরী করেছি—

জৈব-প্রকৃতিক, রাজনৈতিক এবং সময় অনুযায়ী পরিবর্তনের দ্বারা একটি “গোষ্ঠী পরিচালিত অঞ্চল” কে ব্যাখ্যা করা যায়। এর অন্তর্ভুক্ত হতে পারে উৎপাদিত বনাঞ্চল, রাষ্ট্রীয় উদ্যান এবং সরকারী অথবা বেসরকারী সংস্থা দ্বারা বৃক্ষরোপণ অঞ্চল। ইহা একটি আলোচনার জায়গা হতে পারে সেইসকল অংশগ্রহীত্বীদের জন্য যারা এই অঞ্চলের বিষয়ে কাজ করতে ইচ্ছুক। তাদের ভূমিকা সম্বন্ধে বোঝাতে হলে, অধিকার, দায়িত্ব, উপকারিতা এবং সম্পর্ক সম্বন্ধে পরিষ্কার ধারণা থাকা চাই। “গোষ্ঠী দ্বারা পরিচালিত অঞ্চলের” প্রভাব সুদূরপ্রসারী যেখানে দীর্ঘমেয়াদি ফলাফল অবশ্যস্ত্রী।

পিমবার্টের (২০০৩) অনুযায়ী, লোকেদের নিজেদের কার্যকারী হওয়াটাই অংশগ্রহণের সর্বোচ্চ স্তর, যখন সমাজের লোকেরা নিজের থেকেই “ব্যবস্থার পরিবর্তনের” জন্য উদ্যোগী হবে। ওই স্তর অর্ধি পৌঁছাতে গেলে, বিভিন্ন অংশগ্রহণকারী প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হবে, যার মধ্যে বিভিন্ন ইচ্ছুক দলের সাথে দরাদরির কাজও অন্তর্ভুক্ত। এই প্রক্রিয়াতে উৎসাহিত করা হয় সরকারী কর্মকর্তাদের ভূমিকার পরিবর্তনের, যেমন তারা “প্রকল্পের দলনেতার” ভূমিকার পরিবর্তে “সমাজের সেবক” হিসাবে কাজ করতে পারবে। স্থানীয় লোকেদের সক্রিয় ভূমিকা থাকবে পরিস্থিতির বিশ্লেষণে, সমস্যার সমাধানের উপায়ে, পরিকল্পনায়, রূপায়ণকাজে, পর্যবেক্ষণ এবং মূল্যায়নের কাজে। এটা নিশ্চিত ভাবে কাজের পদ্ধতির একটি বড় পরিবর্তন, এবং এর ফলে সমাজের সাথে যোগাযোগের জন্য চাই নতুন জ্ঞান এবং দক্ষতা, প্রযুক্তিগত দক্ষতাও থাকা দরকার যেমন কি করে বনাঞ্চলে বৃক্ষ রোপণ করা যায়।

যে সব বই বা বইয়ের অংশ ব্যবহার করা হয়েছে

মুহাম্মদ সি, মুনগোরো ডি ডব্লু, স্যাঙ্ককোয়া এইচ, ফৌজি এন ২০০০ মেনজেলোলা ইন্দোনেশিয়া, মেনজেলোলা কেসেলামাটান রাকেয়াত (ম্যানিজিং ইন্দোনেশিয়া, ম্যানিজিং পিপলস্ লাইভলিহুড)। জার্নাল কমিউনিটি ফরেস্ট্রি। বেগোর: পুস্তকা লাটিন।

পিমবার্ট এম ২০০৩ দা প্রমিস অফ পার্টসিপেশন। সিডলিং, জুলাই। বার্সিলোনা, স্পেন : গ্রেনি (জেনেটিক রিসোর্সেস অ্যাকশন ইন্টারন্যাশনাল)।

আরিফ অলিআদি কাজ করেন “লাটিন”এর সাথে, ইন্দোনেশিয়ার বোগোরে স্পার্কের একটি দেশীয় দপ্তর। তার যোগাযোগের ঠিকানা <aaliadi@latin.or.id>. প্রিয়ো আসমোরা, “ডি এস ও” ইন্দোনেশিয়ার প্রোগ্রাম এরিয়া ম্যানিজার এবং তার যোগাযোগের ঠিকানা <priyo.asmoro@vsoint.org>. শ্রীমতি লাটিপহ “স্মিথ” হেনডাটি কাজ করেন “এন জি ও” “আর এম আই” তে (ইন্দোনেশিয়ান ইন্সটিটিউট ফর ফরেস্ট এণ্ড এনভায়রনমেন্ট) এবং স্পার্কের উপদেষ্টা দলের একজন সদস্য। তার যোগাযোগের ঠিকানা <rmibogor@indo.net.id>. টাবিথা ইউলিটা স্পার্ক ইন্দোনেশিয়ার একজন প্রোগ্রাম এগসিস্টেন্ট এবং তার যোগাযোগের ঠিকানা <spark@vsoint.org>.

---

## শেখা এবং যোগাযোগের প্রক্রিয়ার উপর প্রাপ্ত কিছু শিক্ষা

গ্রাহাম হেলর এবং রনেট স্যানটস

### শব্দের অর্থ বোঝার জন্য মতামতের আদান প্রদান

২০০৩ এর ফেব্রুয়ারী মাসে আমরা দুজন এবং আমাদের আরেকজন সহকর্মী সাওন ভিনসেট আলোচনা করছিলাম যে লোকেদের এটা বোঝানো কতটা কঠিন যে কেন আমরা স্থানীয় পরিস্থিতি এবং স্থানীয় গোষ্ঠীর জীবনযাপনের সম্বন্ধে জানতে এবং শিখতে ইচ্ছুক। আমরা যাদের সাথে কাজ করি যেমন তিনটি আঞ্চলিক উন্নয়নের সংস্থা : স্ট্রীম, স্পার্ক এবং ‘ভি এস ও’ পরিচালনাবর্গের সদস্যদের সাথে “জীবিকা নির্বাহণ বলতে কি বোঝায়” তাই নিয়ে কথা বললাম।

যদিও আমাদের দুজনের মাতৃভাষা ইংরাজী এবং তৃতীয়জন ইংরাজীতে পারদর্শী, তবুও আমাদের মধ্যে বিভিন্ন শব্দের অর্থ নিয়ে মতভেদ ছিল, যেমন সম্পত্তি, অভাব, দারিদ্রতা এমনকি জীবিকা। আমরা দেখলাম, শব্দের মানে নিয়ে মতামতের আদান প্রদানই হচ্ছে অংশগ্রহী জীবিকা বিশ্লেষণের মূল কথা। এর সাথে জড়িত সমস্যাগুলি আরো ভালোভাবে সামনে আসলো যখন আমরা ঠিক করলাম স্পার্ক এবং স্ট্রীম একসাথে দক্ষিণ এবং দক্ষিণপূর্ব এশিয়ায় ১৪টি বিভিন্ন ভাষায় কাজ করবে। ব্যক্তিগত অন্তর্দৃষ্টিতে, জীবিকা নির্বাহণের বিশেষজ্ঞতার ভাষাগত সমস্যার উপেক্ষার ফলে যে সমস্যার সৃষ্টি হয়েছিল তার গল্প শোনা যায় যা দূর্ভাগ্যবশত: দ্বিতীয় ব্যক্তি অনুবাদক হবার জন্য এবং মতামত জানানোর ও বোঝার সীমিত ক্ষমতার মিলিত ফলাফল।

এটা সবাই একমত হলো যে, যেহেতু আমরা বিভিন্ন দলের লোকেদের নিয়ে, বিভিন্ন ভাষা ও বিষয় নিয়ে কাজ করি, সেটা কখনও একটি দেশের মধ্যেও সীমিত থাকতে পারে, সেইজন্য যখন কোন লোকের সাথে প্রথমবার দেখা হয়, কথাবার্তা হয় তখন থেকেই শব্দের অর্থ বোঝার জন্য মতামতের আদান প্রদান প্রক্রিয়া শুরু হয়ে যায় এবং তারপরে সেটা ক্রমশ: চলতে থাকে। যদিও এইসব বিষয় প্রতিদ্বন্দ্বিতামূলক, কখনও নিরুৎসাহদায়ক, কিন্তু এইসব কঠিন পরিস্থিতি থেকেও যখন কিছু ফল পাওয়া যায় তখন সেটি স্বস্তিদায়ক, বিভিন্ন ভাষার অনুবাদকের গুরুত্ব এবং এই বিষয়ের উপর স্পার্ক এবং স্ট্রীমের উদ্যোগী সদস্যদের কাজ আপনারা পাবেন এই প্রতিবেদনটিতে।

### পথনির্দেশিকার দরকার

স্পার্ক এবং স্ট্রীমের শেখা এবং যোগাযোগের প্রক্রিয়ার অন্তর্গত জীবিকা এবং ভাষার উপর দুটি কার্যশালার প্রস্তাবের উৎস হচ্ছে আমাদের পথনির্দেশিকার দরকারের সচেতনতাবোধ। এই কার্যশালার অভিপ্রেত ফলাফল হচ্ছে “জীবিকা এবং ভাষার উপর জ্ঞাতব্যবিষয়পূর্ণ পুস্তক”। স্পার্ক প্রথম কার্যশালাটির আয়োজন করেছিল ব্যাঙ্কে, ২০০৩, এপ্রিল এবং স্ট্রীম দ্বিতীয় কার্যশালাটির আয়োজন করেছিল ফিলিপিনের টাগানটায় শহরে জুন ২০০৩ এ। পরের কার্যশালাটির আয়োজনে স্ট্রীমের এক সহকর্মী এফ এ ও সাহায্য করেছিল যারা জীবিকা সম্বন্ধিত কাজে ভাষার গুরুত্ব সম্বন্ধে বুঝতে পেরেছিল।

দুটি কার্যশালার দরুণ এবং তার মধ্যবর্তী সময়ে অভিজ্ঞতার আদান প্রদানের সাহায্যে আমরা আরো ভালোভাবে বুঝতে পারলাম যে কি ধরনের পথ নির্দেশিকার দরকার। এটা সকলেই স্বীকার করলো যে বিভিন্ন সংস্থার মধ্যে— এবং সংস্থা ও গোষ্ঠীর মধ্যে আলোচনা ও যোগাযোগের সাহায্যে বিশ্বস্ত সম্পর্ক তৈরী করতে উপকারিতা পাওয়া যায়, যার পরিবর্তে আমাদের একসাথে পরিকল্পনা ও প্রকল্প রূপায়ণে কাজ করতে সুবিধা হয় যা গোষ্ঠীর জীবনযাপনের উন্নতির পক্ষে সহায়ক (দেখুন কপলে এবং স্যাভেজের লেখা, পৃষ্ঠা ১)

আমাদের পরিকল্পিত “জীবিকা এবং ভাষার উপর জ্ঞাতব্যবিষয়পূর্ণ পুস্তক” অবশেষে হয়ে উঠল “জীবিকা নির্বাহণের বিষয়ে শেখা এবং যোগাযোগ করার পথনির্দেশিকা।” এই পথনির্দেশিকার বর্তমান পর্যায়, বিভিন্ন প্রক্রিয়াকে “সাধনের বাস্তব” দ্বারা ব্যাখ্যা করার পদ্ধতি বলা হয়েছে। তিনটি পর্যায়ের এই প্রক্রিয়াতে আছে (শেষের ছবিটি দেখুন)

- ১) কর্মসঙ্গীর দলের ব্যাখ্যা—এতে থাকে কর্মসঙ্গীকে নির্বাচন, সম্পর্ক, যোগাযোগের বিষয়, ভাষা এবং উপভাষা।
- ২) শব্দের অর্থের আদান প্রদান— একটি স্বীকৃত পদ্ধতি দ্বারা, উদাহরণ, গল্প এবং শব্দকোষের সাহায্যে।
- ৩) নিজস্ব মতামত বা ব্যাখ্যার আদান-প্রদান, জীবিকা নির্বাহণের পদ্ধতির সাহায্যে ব্যাখ্যা এবং সম্পদ যেমন গত জীবিকা নির্বাহণের বিশ্লেষণের কাগজপত্র বর্তমানে যা আছে।

আমাদের মনে হয় এই প্রক্রিয়া দ্বারা একটি বিশ্বস্ততার সম্বন্ধ স্থাপন করা যাবে এই ভাবে

- কর্মসঙ্গীকে ব্যাখ্যা করার দ্বারা
- কর্মসঙ্গী ও অন্যান্য অংশীদারদের সাথে সুস্থ সম্পর্ক তৈরী করে
- যেইসব বিষয় হয়তো কোনদিন আলোচনার বিষয়বস্তু হতো, সেইসব যোগাযোগের বিষয় সম্বন্ধে সচেতনতার সৃষ্টি করা।
- যে ভাষা এবং উপভাষার দ্বারা আমরা কাজ করবো, তা চিহ্নিত করা।

### উদ্ধৃত তথ্য

এই প্রক্রিয়া এবং “সাধনের বাস্তব” তৈরী করার কাজ চলছে, জীবিকা এবং ভাষার উপর কার্যশালায় অংশগ্রহণকারীরা প্রত্যেকেই নিজের নিজের জায়গায় এই কাজ করে যাচ্ছে এবং তাদের অভিজ্ঞতা “জীবিকা নির্বাহণের বিষয়ে শেখা এবং যোগাযোগ করার পথনির্দেশিকা” তৈরীর কাজে লাগছে। এটা যথেষ্ট মূল্যবান যা নিম্ন লিখিত উদাহরণ দ্বারা বোঝা যায়।

- স্ট্রীমের অন্তর্ভুক্ত দেশগুলি (দেখুন গনজালেস *এটে এল* পৃষ্ঠা ৩) জীবিকা নির্বাহণ সম্বন্ধীয় প্রসঙ্গের বিস্তারিত মানে (শুধু অর্থনৈতিক দিকই নয়) বোঝানোর চেষ্টা করছে যেমন ভারতবর্ষ, নেপালে, ফিলিপিনে বিভিন্ন গল্প আলোচনা এবং শব্দকোষের দ্বারা। কন্সোডিয়াতে, কার্যক্ষেত্রে ব্যবহারের জন্য “সাক্ষাৎকারের নির্দেশিকা” তৈরী করা হয়েছে (জীবিকা সম্বন্ধিত শব্দকোষের বদলে) এবং ভিয়েতনামে, সরকারী কাজের ক্ষেত্রে জীবিকা নির্বাহণের বিশ্লেষণের দরুন বিভিন্ন শব্দের অর্থাবলীকে আরো ভালোভাবে বোঝানোর জন্য একটি বড় শব্দকোষ বানানো হয়েছে।
- ১ নম্বর সাধনটি (কর্মসঙ্গী) স্পার্ক থাইল্যান্ডের সদস্যদের কাছে সহায়কমূলক হয়েছে যেহেতু তারা মানুষের জীবনের “গুরুত্বপূর্ণ পরিবর্তন” কে এবং সাহায্যকারী দলের সদস্যদের ব্যবহার এবং কাজের পরিবর্তনকে দেখেছে এবং বিশ্লেষণ করেছে। দলগত আলোচনায় বাস্তবিক পরিবর্তনের সম্বন্ধে এবং এই কাজে বিভিন্ন অংশগ্রহীদের ভূমিকা সম্বন্ধে জানতে ২ নম্বর সাধনটি (সম্পর্ক) সাহায্যকারী। এইভাবে দুইদিকমুখী যোগাযোগের ফলে যেখানে স্পার্ক এবং তার সহকর্মীরা একে অপরের সাথে মতামতের আদান-প্রদান দ্বারা অনেক কিছু শিখতে পারলো। সম্পর্কের ঘনিষ্ঠতা এবং খবরের সত্যতা যাচাই করার বিশ্লেষণ পদ্ধতিতে সাহায্যকারী হচ্ছে ৩ নম্বর সাধন (যোগাযোগের বিষয়)। দীর্ঘস্থায়ী জীবিকা নির্বাহণের পরিকাঠামোর সাহায্যে বোঝা যায় মানুষের জীবিকার বিভিন্নতা এবং কিভাবে সরকারী নীতি তাদের প্রভাবিত করে (ল্যান্সকুলশানে পৃষ্ঠা ৫)।
- ফিলিপিনে “নির্ধারণ” কার্যশালায় অংশগ্রহণকারীরা ১ নম্বর সাধন (কর্মসঙ্গী) এবং ২ নম্বর (সম্পর্ক) সাধনের সাথে দীর্ঘস্থায়ী জীবিকার পরিকাঠামোর ব্যবহার করেছিল। প্রদেশের প্রাকৃতিক সম্পদ পরিচালনার কার্যক্রমকে রূপায়ণে সাহায্য করতে প্রাদেশিক সরকারের অনুরোধে এই সাধনগুলির প্রয়োগ করা শুরু হয়েছিল। কার্যশালায় ফলে সবাই আরো ভালোভাবে বুঝতে পারলো কি করতে হবে এবং মধ্যস্ততার সাহায্যে বিকাশের পরিকল্পনার একটি বুনিয়ে পাওয়া গেল। (দেখুন ডি জেসাস এবং বানটাগ, পৃষ্ঠা ৭)।
- যখন কর্মসঙ্গীরা নিজস্ব ব্যাখার আদান প্রদান করছিল তখন ইন্দোনেশিয়ার বনাঞ্চলের “গোষ্ঠী পরিচালিত অঞ্চলের” (পর্যায় ৩) ধারণাকে পরিষ্কার ভাবে বোঝানোর জন্য প্রথম সাধন (কর্মসঙ্গী) এবং শব্দের অর্থের আদান-প্রদানের (পর্যায় ২) একটি স্বীকৃত পদ্ধতির ব্যবহার করা হয়েছিল। (দেখুন আলিআদি পৃষ্ঠা ৯)।

এটা দেখা যাচ্ছে যে, যখন সংগঠনগুলি নিজেদের সমস্যাগুলি খোলাখুলি ভাবে আলোচনা করে, জীবিকা নির্বাহণ সম্বন্ধিত সমস্যাগুলিকে বোঝে এবং এক সাথে মিলে সঠিক পথনির্দেশিকা খোঁজে, তখন তারা শুধু প্রক্রিয়া এবং সাধনের পরীক্ষা বা বিকাশের কাজই করে না বরং তার সাথে সাথে একটি মজবুত, সুসংগঠিত ও বিশ্বস্ত সম্পর্কের স্থাপনা করে যার ফলে তারা সমাজ ও সরকারী কর্মসঙ্গীদের সাথে আরো ভালোভাবে কাজ করতে পারে।

গ্রাহম হেলর স্ট্রীমের নির্দেশক এবং রনেট স্যানটস স্পার্কের সহযোজনকারী। তাদের যোগাযোগের ঠিকানা যথাক্রমে <ghaylor@loxinfo.co.th> এবং <ronet.santos@vsoint.org>.

## স্ট্রীম পত্রিকা সম্বন্ধীয়

প্রকাশিত হয় স্ট্রীম দ্বারা- সাপোর্ট টু রিজিওনাল অ্যাকুয়াটিক রিসোর্সেস ম্যানেজমেন্ট  
নেটওয়ার্ক অফ অ্যাকুয়াকালচার সেন্টারস ইন এশিয়া-প্যাশিফিক (নাকা) সেক্রেটারিয়েট  
স্বরস্বাদি বিল্ডিং  
ডিপার্টমেন্ট অফ ফিশারিজ কম্পাউন্ড  
ক্যাসাকাট ইউনিভার্সিটি ক্যাম্পাস  
লাদেয়ো, জাতুজক, ব্যঙ্কক ১০৯০৩  
থাইল্যান্ড

### সম্পাদকীয় দল

গ্রাহাম হেলর, নির্দেশক, স্ট্রীম  
লি থান লু, স্ট্রীম ভিয়েতনামের রাষ্ট্রীয় সহযোজনকারী  
উইলিয়াম স্যাভেজ, স্ট্রীম যোগাযোগ বিশেষজ্ঞ  
সোনিয়া স্যাভিলি, স্ট্রীম ফিলিপিন্সের রাষ্ট্রীয় সহযোজনকারী  
থে সোমোনি, স্ট্রীম কম্বোডিয়ার রাষ্ট্রীয় সহযোজনকারী

### উদ্দেশ্য

স্ট্রীম পত্রিকা বছরে চার বার প্রকাশিত হয় এবং এর উদ্দেশ্য হচ্ছে এশিয়া-প্যাশিফিকে জলীয় সম্পদের ব্যবহারকারী গরীব লোকেদের জীবিকার উন্নতির পক্ষে সহযোগিতা, যোগাযোগ এবং নীতির উন্নতি করা এবং জলীয় সম্পদ পরিচালনার সাথে অঞ্চলের অন্যান্য ব্যবস্থারও সম্পর্ক স্থাপন করা। এই স্ট্রীম পত্রিকায় সেইসব লোকেদের কথা লেখা হয় যাদের জীবিকা নির্ভর করে জলীয় সম্পদের উপর, বিশেষত: যাদের সম্পদের পরিমাণ সীমিত, এবং সরকার, বেসরকারী এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞ যারা এদের সাথে সমাজে কাজ করে। এইসব ঘটনায় থাকে কিছু শিক্ষণীয় জিনিস, সমস্যা সমাধানের সূত্র, খবর এবং যোগাযোগ ব্যবস্থা, জলীয় সম্পদের পরিচালনা, আইন প্রণয়ন করা, জীবিকা, লিঙ্গ, অংশগ্রহণ, অংশীদার, নীতি এবং যোগাযোগের উপর বিভিন্ন তথ্য।

এই পত্রিকার আরেকটি ততোধিক গুরুত্বপূর্ণ উদ্দেশ্য হলো, একটি পেশাদারী মনোভাবপূর্ণ পত্রিকায় সেইসব লোকেদের কথা জানানোর সুযোগ করে দেওয়া যাদের কথা কদাচিৎ শোনা যায়, যেটির বিষয় বাস্তবিক এবং শিক্ষামূলক উভয়ই। এই পত্রিকার প্রবন্ধগুলি কোন বিশেষ সংস্কার বক্তব্যকে পেশ করে না বরং কোন ব্যক্তির নিজস্ব অভিজ্ঞতাকে ব্যক্ত করে। এখানে লেখকরা নিজেদের প্রবন্ধের বক্তব্য সম্বন্ধে দায়িত্ববান এবং কোন সম্পাদকীয় পক্ষপাত এবং লেখাগত ত্রুটির জন্য দায়ী স্ট্রীম।

### বিতরণ

স্ট্রীম পত্রিকা তিনটি উপায়ে পাওয়া যেতে পারে—

১. ইলেকট্রনিক পি ডি এফ রূপ যা প্রত্যেক দেশের স্ট্রীম যোগাযোগকারী কেন্দ্র থেকে ছাপা এবং বিতরণ করা হয়।
২. [www.streaminitiative.org](http://www.streaminitiative.org) ওয়েবসাইটে ভারচুয়াল লাইব্রেরী থেকে পি ডি এফ ফরম্যাটে ডাউনলোড করা যাবে।
৩. ছাপানো পত্রিকা যা নাকা সেক্রেটারিয়েট থেকে পাওয়া যাবে।

### যোগাযোগ

জলীয় সম্পদের ব্যবহারকারী এবং তাদের সাথে যারা কাজে জড়িত তাদের সম্পর্কিত প্রবন্ধ লেখার জন্য স্ট্রীম পত্রিকা লোকেদের উৎসাহ ও সুযোগ দেয়। তাছাড়া স্ট্রীম পত্রিকা নিজেদের লেখায় গোষ্ঠীর লোকজনদের নিজেদের বাস্তবিক অভিজ্ঞতা বলার সুযোগ দেয়।

প্রবন্ধগুলি পরিষ্কার ইংরেজী ভাষায় ১০০০ শব্দের অন্তর্গত হতে হবে।

### যোগাযোগের ঠিকানা

উইলিয়াম স্যাভেজ, স্ট্রীম পত্রিকার সম্পাদক, <[savage@loxinfo.co.th](mailto:savage@loxinfo.co.th)>

আরো বিশদ খবরের জন্য যোগাযোগ করতে পারেন, গ্রাহাম হেলর, নির্দেশক, স্ট্রীম <[ghaylor@loxinfo.co.th](mailto:ghaylor@loxinfo.co.th)>



## স্ট্রীম সম্বন্ধীয়

সাপোর্ট টু রিজিওনাল অ্যাকুয়াটিক রিসোর্সেস ম্যানজমেন্ট (স্ট্রীম) হলো নেটওয়ার্ক অফ অ্যাকুয়াকালচার সেন্টারস্ ইন এশিয়া প্যাশিফিকের (নাকা) পঞ্চবার্ষিকী কার্যক্রমের একটি অঙ্গ। এর লক্ষ্য হচ্ছে বিভিন্ন সংস্থাকে সাহায্য করা যাতে—

- পুরানো এবং নতুন তথ্যগুলিকে আরো ভালোভাবে ব্যবহার করা যাবে
- গরীব মানুষের জীবিকা নির্বাহণকে আরো ভালোভাবে জানার জন্য
- গরীব মানুষদের একটি সুযোগ দেওয়া ওই নীতি বা পদ্ধতিকে প্রভাবিত করার যা তাদের জীবনের উপর প্রভাব ফেলে।

স্ট্রীম এই কাজগুলি করছে বিভিন্ন নীতি তৈরী করতে সাহায্য করার দ্বারা এবং লোকেদের ও সংস্থার মধ্যে মধ্যস্থতা করার দ্বারা এই নীতিগুলি ক্ষমতাবান হবে—

- জলীয় সম্পদের পরিচালনার প্রভাবের ক্ষেত্রে
- গরীব মানুষের জীবিকা নির্বাহণের ক্ষেত্রে
- বিভিন্ন পরিচালনা পর্যাবেক্ষণ ও মূল্যায়ন করার ক্ষেত্রে
- সংবাদ প্রসারিত করার ক্ষেত্রে
- বিভিন্ন অঞ্চল ও দেশের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে

স্ট্রীম এর কর্মসূচী প্রধানত: জোট-বন্ধনের উপর নির্ভরশীল। এতে যুক্ত আছে অস এ আই ডি, ডি এফ আই ডি, এফ এ ও এবং ডি এস ও মতন সহযোগী সংস্থা যারা নাকাকে সাহায্য করে। এই সংস্থার কাজের পদ্ধতি হচ্ছে সবাইকে সাথে নিয়ে কাজ করা, যারা জলীয় সম্পদ পরিচালনার বিভিন্ন কাজে যুক্ত সেইসব অংশীদারদের একে অপরের সাথে সম্পর্ক স্থাপন সাহায্য করা এবং তাদের সাহায্য সংস্থার বিভিন্ন প্রকল্পকে রূপায়ণ করতে এবং পরিচালনা করতে।

ছোট বন্ধনের দ্বারা কাজের প্রক্রিয়াতে প্রত্যেকটি দেশে একজন রাষ্ট্রীয় সহযোজনকারী (বরিষ্ঠ সরকারী সদস্য) এবং একজন দেশের যোগাযোগকেন্দ্রের পরিচালক (যাকে স্ট্রীম প্রথম দুবছর পরোপুরি ভাবে সাহায্য করে) ও দেশের বিভিন্ন অংশীদাররা যুক্ত আছেন যোগাযোগ কেন্দ্রে আছে কম্পিউটার, প্রশিক্ষণের ব্যবস্থা, প্রযুক্তিগত বিদ্যার সাহায্য, এবং যোগাযোগ ও মানবিক সম্পদ, এবং বিভিন্ন অংশীদাররা সাথে ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করা হয়।

রাষ্ট্রীয় যোজনা দস্তাবেজের অনুযায়ী রাষ্ট্রীয় সহযোজন প্রক্রিয়া চলে, সহযোজনকারী ও কেন্দ্র প্রবন্ধক বিভিন্ন অংশীদারের সাথে আলোচনার মাধ্যমে তৈরী করে। রাষ্ট্রীয় যোজনা দস্তাবেজে যাকে মূল বিষয়, প্রাদেশিক সম্পর্কের গুরুত্ব, মূল কাজগুলিকে চিহ্নিত করা এবং প্রাধান্য দেওয়া, এবং স্ট্রীম ও অন্যান্য সংস্থা থেকে এই কাজের জন্য টাকা জোগাড় করা।

স্ট্রীমের রিজিওনাল অফিস (ব্যাককের নাকা সেক্রেটারিয়েটে) থেকে এই কাজকর্মকে পরিচালনা করা হয়, জীবিকা নির্বাহণ, সংস্থা, নীতি তৈরী এবং যোগাযোগ, এই চারটি বিষয়ের উপর স্ট্রীম বিভিন্ন দেশে কাজ করে।

স্ট্রীমের কার্যক্রম একটি পুনরাবৃত্তি প্রক্রিয়া, প্রথমে শুরু হয়েছিল কম্বোডিয়া, ভারতবর্ষ, নেপাল, ফিলিপিন্স এবং ভিয়েতনামে এবং এটা প্রসারিত হচ্ছে এশিয়া প্যাশিফিকের বিভিন্ন দেশে তার দ্বারা (যেখানে দারিদ্রতা দূর করার সুযোগ আছে এবং ভালো পরিচালনা ব্যবস্থার সুযোগ আছে)। যেরকম অভিজ্ঞতা অর্জন হয়েছে, যা শিক্ষা প্রাপ্ত হয়েছে, প্রভাব প্রদর্শিত হয়েছে এবং যেখানে অতিরিক্ত বিত্তসাহায্য আছে স্ট্রীমের যোগাযোগের পদ্ধতির লক্ষ্য হচ্ছে গোষ্ঠীর জ্ঞানকৌশল বৃদ্ধি করা, এই কাজে সাকারাত্মক পরিবর্তন করেছে এবং এই কাজ থেকে তারা যা শিক্ষা গ্রহণ করছে তা সমগ্র এশিয়া প্যাশিফিকে বিস্তারিতভাবে প্রচার করছে।

**স্ট্রীম পত্রিকা এবং স্ট্রীমের ওয়েবসাইট হচ্ছে এই পদ্ধতির একটি অঙ্গ**

কম্বোডিয়া: শ্যাম ভেক <cfdo@camnet.com.kh>

ভারত:: রুবু মুখার্জী <rubumukherjee@rediffmail.com>

নেপাল: নিলকান্ত পোখরেল <agroinfo@wlink.com.np>

ফিলিপিন্স: এলিজাবেথ গনজালেস <streambfar-phll@skyinet.net>

ভিয়েতনাম: নুয়েন সং হা <streamsapa@vietel.com.vn>

## প্রথম পর্যায় : কর্মসঙ্গীর দলকে ব্যাখ্যা করা নির্বাচিত করা

এই ভাবে প্রশ্ন শুরু করতে হবে

- ➔ কারা কর্মসঙ্গী দল হবে?
- ➔ কথাবার্তার উদ্দেশ্য কি

- কর্মসঙ্গীর দল এবং কথাবার্তার উদ্দেশ্যের ব্যাখ্যা

## দ্বিতীয় পর্যায় : শব্দের অর্থের আদান প্রদান

প্রথম পর্যায়ের ফলাফলের দ্বারা শুরু করতে হবে

- ➔ পরিস্কার ভাবে কর্মসঙ্গীর দলের ব্যাখ্যা
- ➔ কথাবার্তার উদ্দেশ্য

- কর্মসঙ্গীর দলগুলিকে একজায়গায় নিয়ে আসা
- আলোচনার মাধ্যমে শব্দের অর্থের আদান প্রদানের একটি স্বীকৃত পদ্ধতি তৈরী করা

## তৃতীয় পর্যায় : নিজস্ব মতামত বা ব্যাখ্যার আদান প্রদান

দ্বিতীয় পর্যায়ের ফলাফলের দ্বারা শুরু করতে হবে

- ➔ শব্দের অর্থের আদান প্রদানের জন্য একটি স্বীকৃত পদ্ধতি

- আলোচনার দ্বারা একে অপরের ধারণা এবং মতামত সম্বন্ধে সচেতন হবে।
- আলোচনার দ্বারা আগামী পদক্ষেপের স্বীকৃতি।

|                   |
|-------------------|
| সাধন ১            |
| কর্মসঙ্গী         |
| সাধন ২            |
| সম্পর্ক           |
| সাধন ৩            |
| যোগাযোগ/কথাবার্তা |
| বিষয়             |
| সাধন ৪            |
| ভাষা এবং উপভাষা   |

|         |
|---------|
| উদাহরণ  |
| গল্প    |
| শব্দকোষ |

|          |
|----------|
| পদ্ধতি   |
| ব্যাখ্যা |
| সম্পদ    |

সাধন বাক্স

